

নিউইয়র্কে বাড়ছে অভিবাসীদের উদ্বেগ

৭ মাসে ৩ হাজারের অধিক গ্রেপ্তার

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্ক সিটিতে অভিবাসীদের গ্রেপ্তার ও বহিষ্কারের হার উদ্বেগজনকভাবে বেড়েছে। গোথামিস্ট বিশ্লেষণ অনুসারে, চলতি বছরের *৭-এর পৃষ্ঠায় দেখুন*



প্রেসিডেন্ট ট্রাম্পের বিরুদ্ধে মামলা করলেন ফেড গভর্নর কুক

বাংলা পত্রিকা ডেস্ক: প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে মামলা করেছেন ফেডারেল রিজার্ভ (ফেড) গভর্নর লিসা কুক। তিনি অভিযোগ করেছেন, তাঁকে অপসারণ করার প্রেসিডেন্টের কোনো সাংবিধানিক *২৮-এর পৃষ্ঠায় দেখুন*

পথচলায় ২৯ বছর

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

■ Vol. 29 ॥ Issue 48 / September 01, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ২৯ ॥ সংখ্যা ৪৮ ॥ সোমবার, সেপ্টেম্বর ০১, ২০২৫, ভাদ্র ১৭, ১৪৩২ ॥ রবিউল আউয়াল ০৮, ১৪৪৭

তিন রাজ্যে বিভক্ত ফোবানার সম্মেলন সমাপ্তি

আগামীতেও তিন ভাগে আয়োজনের সম্ভাবনা

- সিদ্ধান্ত নেয়নি নায়াগ্রা সম্মেলন
- আটলান্টার সম্মেলন দিলো লস এঞ্জেলেসে
- মনট্রিয়লের সম্মেলন গেলো ফ্লোরিডায়

সালাহউদ্দিন আহমেদ: লেবার ডে উকেন্ড ঘিরে বিগত বছরগুলোর মতো এবারো নানা আয়োজনে বিভক্ত বাংলাদেশ এসোসিয়েশন ইন নর্থ আমেরিকা (ফোবানা)-এর তিনটি সম্মেলন অনুষ্ঠিত হলো উত্তর আমেরিকার তিন রাজ্যে। গত ২৯, ৩০ ও ৩১ আগষ্ট অনুষ্ঠিত এবারের সম্মেলন ছিলো ৩৯তম ফোবানা কনভেনশন। এই তিনটি সম্মেলনের একটি সম্মেলন হয় যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক রাজ্যের নায়াগ্রা ফলসে, অপরটি হয় জর্জিয়া রাজ্যের আটলান্টায়। আরেকটি হলো কানাডার মনট্রিয়লে। উদ্বোধনী অনুষ্ঠানের মধ্য দিয়ে শুক্রবার (২৯ আগষ্ট) ফোবানা সম্মেলন তিনটি শুরু হয়। বিগত বছরগুলোর মতো এবছরের সম্মেলনগুলোতে সেমিনার, আলোচনা, কাব্য জলসা, মেলা প্রভৃতি থাকলেও তবে মূল আকর্ষণ ছিলো সাংস্কৃতিক অনুষ্ঠান ঘিরে। এছাড়াও সম্মেলনগুলোতে ছিলো তথা কথিত 'কমিউনিটির কল্যাণে ভালো কাজের স্বীকৃতি' স্বরূপ 'অ্যাওয়ার্ড/প্ল্যাক' প্রদান পর্ব। সম্মেলনগুলোর অনুষ্ঠানগুলোতে মূলধারার রাজনীতিক ও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিরা অংশ নেন। রোববার (৩১ আগষ্ট) রাতে সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে বিভক্ত তিনটি সম্মেলনের সমাপ্তি ঘটে। *৬-এর পৃষ্ঠায় দেখুন*



ব্রঙ্কসে এক সপ্তাহে সহিংসতায় নিহত ৪, আহত ১১

অ্যাডামস-কুওমো পুলিশ বৃদ্ধির পক্ষে: মামদানী চান অস্ত্র নিয়ন্ত্রণ

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কের ব্রঙ্কসে এক সপ্তাহে সাতটি গোলাগুলিতে চারজন নিহত, আহত অন্তত ১১ জন। গত শুক্রবার রাতেই তিনজন গুলিবিদ্ধ হন।

এসব ঘটনার পর আসন্ন মেয়র নির্বাচন ঘিরে প্রার্থীরা প্রতিশ্রুতিতে নিজেদের পরিকল্পনা ও অবস্থান নিয়েছেন। ব্রঙ্কসে সাম্প্রতিক বন্দুক হামলা ও সহিংসতায় মেয়র এরিক অ্যাডামস ১ হাজার অতিরিক্ত পুলিশ মোতায়েনের *৭-এর পৃষ্ঠায় দেখুন*

শিকাগো'র পর ট্রাম্প প্রশাসনের নজর নিউইয়র্কে!

অভিবাসী ধরপাকড়ে বৃহৎ পরিকল্পনা; গভর্নর- মেয়রের প্রতিক্রিয়া

বাংলা পত্রিকা রিপোর্ট: শিকাগো ও লস অ্যাঞ্জেলেসে'র পরপরই নিউইয়র্ক সিটিসহ স্যাংচুয়ারী সিটিগুলোতে অভিবাসী বিরোধী অভিযান জোরদার করার পরিকল্পনা করছে ট্রাম্প প্রশাসন।



বর্ডার জার টম হোম্যান স্পষ্ট করে বলেছেন, নিউইয়র্কেই শুরু হবে পরবর্তী অভিযান। তার ভাষায়, "নিউইয়র্কে কার্যক্রম বাড়তে দেখবেন। লস অ্যাঞ্জেলেসে বাড়বে, আবার পোর্টল্যান্ড ও সিয়াটলেও।" তবে কবে থেকে অভিযান জোরদার করা হবে সেটি এখনো স্পষ্ট নয়। এদিকে শিকাগোতে ৫ সেপ্টেম্বর থেকে অভিযান শুরুর সকল প্রস্তুতি সম্পন্ন করেছে আইস।

নিউইয়র্কের 'সাংকচুয়ারি সিটি' আইন অনুযায়ী, স্থানীয় *৭-এর পৃষ্ঠায় দেখুন*

ট্রাম্প প্রশাসন-শিকাগো কর্তৃপক্ষের পাল্টাপাল্টি অবস্থানে উত্তেজনা

শাহ্ এ সুমন, *নিউইয়র্ক:* যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেস ও ওয়াশিংটন ডিসির পর এবার ইলিনয়ের শিকাগোতে ব্যাপক আকারে শুরু হতে যাচ্ছে ইমিগ্র্যাশন ক্র্যাকডাউন (অভিবাসী বিরোধী অভিযান)। এ নিয়ে ট্রাম্প প্রশাসন ও ইলিনয় স্টেটসহ শিকাগো সিটি কতৃপক্ষ পাল্টাপাল্টি অবস্থানে উত্তেজনা তীব্র আকার ধারণ করেছে।

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রশাসনের পরিকল্পনা অনুযায়ী, আগামী ৫ সেপ্টেম্বর শিকাগোতে ব্যাপক আকারে শুরু হতে যাচ্ছে অভিবাসী বিরোধী অভিযান। প্রায় মাসব্যাপী চলবে এই অভিযান। এদিকে শিকাগো মেয়র ব্র্যান্ডন জনসন এ অভিবাসনবিরোধী অভিযানের প্রতিক্রিয়ায় বলেছেন শিকাগোতে অসাংবিধানিক ও বেআইনি সামরিক হস্তক্ষেপে প্রতিরোধ কঠোর পদক্ষেপ গড়ে তোলার ঘোষণা দিয়েছেন। আর এটি প্রতিরোধে তিনি একটি নির্বাহী আদেশও জারী করেছেন সিটির পক্ষ থেকে। ইলিনয়ের গভর্নর জে বি প্রিটজকারও শিকাগোতে ফেডারেলে হস্তক্ষেপের বিরুদ্ধে *১৮-এর পৃষ্ঠায় দেখুন*

- ৫ সেপ্টেম্বর শিকাগোতে শুরু হচ্ছে অভিবাসী বিতাড়ন অভিযান
- প্রতিরোধে মেয়র জনসনের নির্বাহী আদেশ



যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না?
তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

যুক্তরাষ্ট্রে গ্রিনকার্ডের আবেদনে বড় পরিবর্তনের ইঙ্গিত
শিক্ষার্থী ও গণমাধ্যমকর্মীদের ভিসায় আসছে পরিবর্তন
বাংলা পত্রিকা ডেস্ক: হোয়াইট হাউজ যুক্তরাষ্ট্রের অভিবাসন নীতিতে বড় পরিবর্তনের ইঙ্গিত দিয়েছে। মূলত গ্রিন কার্ড ও এইচ-১বি ভিসা ব্যবস্থাকে ঘিরেই এই পরিবর্তন আসতে পারে।
এদিকে প্রেসিডেন্ট ট্রাম্পের প্রশাসন শিক্ষার্থী, সাংস্কৃতিক বিনিময় কর্মসূচির সদস্য ও গণমাধ্যমকর্মীদের জন্য ভিসার মেয়াদ সীমিত করার প্রস্তাব দিয়েছে। গত বুধবার প্রকাশিত একটি সরকারি বিধিমালা অনুযায়ী, এটি যুক্তরাষ্ট্রের অভিবাসনব্যবস্থাকে আরও *৭-এর পৃষ্ঠায় দেখুন*

TIME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
- প্রাইভেট অকশনের বাড়ি
- পাবলিক অকশনের বাড়ি
- ব্যাংক মালিকানা বাড়ি
- শর্ট-সেল ও REO-প্রপার্টি

কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828



MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

‘বেশির ভাগ শুল্ক অবৈধ’ বলল আদালত: ক্ষুব্ধ ট্রাম্প বললেন ‘যুক্তরাষ্ট্রকে ধ্বংসের রায়’

বাংলা পত্রিকা ডেস্ক: প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের জারি করা বেশির ভাগ শুল্ককে ‘অবৈধ’ বলে ঘোষণা করেছে যুক্তরাষ্ট্রের একটি আপিল আদালত। এই রায় ট্রাম্পের বৈদেশিক নীতিতে বড় ধরনের প্রভাব ফেলতে পারে বলে ধারণা করা হচ্ছে।

স্থানীয় সময় গত শুক্রবার রায় ঘোষণার শুনানিতে অংশ নিয়েছেন যুক্তরাষ্ট্রের ফেডারেল আদালতের ১১ জন বিচারক। তাদের মধ্যে ৭ জন ট্রাম্পের শুল্কনীতিকে ‘অবৈধ’ ঘোষণা করেছেন। রায়ে বলা হয়, আন্তর্জাতিক জরুরি অর্থনৈতিক ক্ষমতা আইন (ইন্টারন্যাশনাল ইমার্জেন্সি ইকোনমিক পাওয়ারস অ্যাক্ট-আই ই ই পি এ) অনুযায়ী ট্রাম্পের শুল্ক আরোপ বৈধ নয়। আদালত বলেছে, এই আইন অনুযায়ী শুল্ক আরোপ করার ক্ষমতা প্রেসিডেন্টের নেই। শুল্ক আরোপ করা কংগ্রেসের ‘মূল সাংবিধানিক ক্ষমতার’ মধ্যে পড়ে।

আগামী ১৪ অক্টোবরের পর এই রায় কার্যকর হবে। এর মধ্যে বিষয়টি সুপ্রিম কোর্টে নিয়ে যেতে পারে ট্রাম্প প্রশাসন।

এই রায়ে ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানিয়েছেন ট্রাম্প। নিজের সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে লিখেছেন, ‘এই রায় যদি বহাল থাকে, তাহলে তা যুক্তরাষ্ট্রকে ধ্বংস করে দেবে। আজ একটি অতিরিক্ত পক্ষপাতদুষ্ট আদালত ভুলভাবে বলেছে যে, আমাদের শুল্ক তুলে নিতে হবে। তবে তারা জানে, শেষ পর্যন্ত আমেরিকাই জিতবে।’

তিনি আরও লেখেন, ‘এই শুল্ক যদি তুলে নেওয়া হয়, তাহলে দেশটি সম্পূর্ণভাবে আর্থিকভাবে দুর্বল হয়ে পড়বে এবং আমাদের শক্তিশালী থাকতে হবে।

ট্রাম্পের দাবি ছিল, বাণিজ্যগত অসমতা যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তার জন্য হুমকি তৈরি করছে। এ জন্য তিনি জরুরি অবস্থা ঘোষণা করে আইইইপিএ আইনের অধীনে বিশ্বব্যাপী প্রায় সব দেশের ওপর ১০ শতাংশ ভিত্তিক শুল্ক এবং ‘পারস্পরিক’ শুল্ক আরোপ করেন। একই সঙ্গে মেক্সিকো, কানাডা ও চীনের ওপরও আলাদা শুল্ক আরোপ করেন তিনি, যেগুলো মাদকদ্রব্য আমদানি ঠেকাতে জরুরি বলে দাবি করেন।

মূলত ট্রাম্প শুল্ক আরোপের জন্য ‘আইইইপিএ’ নামক ১৯৭৭ সালের একটি আইন ব্যবহার করেন। আইনটি জাতীয় জরুরি অবস্থার সময় ‘অস্বাভাবিক ও ব্যতিক্রমী’ হুমকি মোকাবিলায় প্রেসিডেন্টকে কিছু ক্ষমতা দেয়।

তবে আদালত বলছে, ‘এই আইনে স্পষ্টভাবে শুল্ক, কর বা আমদানি শুল্ক আরোপের কথা বলা নেই। এমনকি কংগ্রেসের অতীত কার্যক্রম পর্যালোচনা করেও বোঝা যায় না তারা প্রেসিডেন্টকে শুল্ক আরোপের অসীম ক্ষমতা দিতে চেয়েছিল। আইনটির মূল লক্ষ্য ছিল শত্রু দেশের ওপর নিষেধাজ্ঞা, তাদের সম্পদ জব্দ করা।’

১২৭ পৃষ্ঠার রায়ে আদালত লিখেছে, ‘আইনে স্পষ্টভাবে শুল্ক আরোপের বিধান না থাকলে, প্রেসিডেন্টের নিজস্ব সিদ্ধান্তে এমন পদক্ষেপ নেওয়া আইনবিরোধী। বিচারপতিদের মতে, আইনটি যখন পাস হয়, তখন কংগ্রেস প্রেসিডেন্টকে এমন ক্ষমতা দিতে চায়নি।

যুক্তরাষ্ট্রের কয়েকটি ছোট ব্যবসা প্রতিষ্ঠান এবং রাজ্যগুলোর একটি জোটের দায়ের করা দুটি মামলা থেকে মূলত এই মামলা এসেছে। গত এপ্রিলে যখন ট্রাম্প নির্বাহী আদেশের মাধ্যমে বিশ্বব্যাপী প্রায় সব দেশের ওপর ১০ শতাংশ ভিত্তিক শুল্ক আর ‘রিসিপ্রোকাল’ বা পারস্পরিক শুল্ক আরোপ করেন, তখন মামলাগুলো করা হয়। ওই দিনকে ট্রাম্প ঘোষণা করেন ‘আমেরিকার মুক্তির দিন’ হিসেবে।

চলতি বছরের মে মাসে নিউইয়র্কভিত্তিক কোর্ট অব ইন্টারন্যাশনাল ট্রেড ট্রাম্পের শুল্ককে অবৈধ ঘোষণা করেছিল। তবে আপিল চলাকালে সেই রায় স্থগিত ছিল।

তবে আদালতের এই রায় ট্রাম্পের সব শুল্কের ওপর প্রযোজ্য নয়। যেমন: ইস্পাত ও অ্যালুমিনিয়ামের ওপর যেসব শুল্ক আরোপ করা হয়েছিল, সেগুলো আলাদা প্রেসিডেনশিয়াল কর্তৃত্বে আরোপ করা হয়েছিল এবং এই মামলার আওতায় পড়ে না।

রায়ের আগে হোয়াইট হাউসের আইনজীবীরা আদালতকে সতর্ক করে বলেন, প্রেসিডেন্টের এই ক্ষমতা হঠাৎ করে বাতিল করলে ১৯২৯ সালের মত একটি আর্থিক সংকট দেখা দিতে পারে। একটি চিঠিতে তারা বলেন, ‘আইইইপিএ আইনের অধীনে প্রেসিডেন্টের শুল্ক আরোপের ক্ষমতা বাতিল করা হলে, তা জাতীয় নিরাপত্তা, বৈদেশিক নীতি ও অর্থনীতির জন্য মারাত্মক পরিণতি ডেকে আনবে।’

আদালতের এই রায় এখন সুপ্রিম কোর্টে যাওয়ার দিকেই এগোচ্ছে। সম্প্রতি সুপ্রিম কোর্ট প্রেসিডেন্টদের পক্ষ থেকে কংগ্রেসের অনুমোদন ছাড়া বড় ধরনের নীতিগত সিদ্ধান্তের চেষ্টা করলে তা বাতিল করছে। উদাহরণস্বরূপ, বাইডেনের আমলে শিক্ষার্থী ঋণ মাফ ও জলবায়ু পরিবর্তন মোকাবিলায় কিছু সিদ্ধান্তও তারা বাতিল করেছে।

তবে সুপ্রিম কোর্টের চূড়ান্ত রায় ট্রাম্পের পক্ষেই যাবে বলে আশাবাদী ট্রাম্প শিবির। কারণ সুপ্রিম কোর্টের ৯ জন বিচারকের মধ্যে ৬ জনই রিপাবলিকান নিযুক্ত, যার মধ্যে ৩ জনকে নিয়োগ দিয়েছেন ট্রাম্প নিজেই।

তথ্যসূত্র: বিবিসি



৯/১১ হামলায় সহায়তার অভিযোগে সৌদি আরবের বিরুদ্ধে মামলা চলবে

নিউইয়র্কের ফেডারেল বিচারক

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্কের একজন ফেডারেল বিচারক ৯/১১ হামলায় নিহত ও ক্ষতিগ্রস্তদের পরিবারের দায়ের করা মামলা খারিজে সৌদি আরবের আবেদন প্রত্যাখ্যান করেছেন। সৌদি আরবের বিরুদ্ধে অভিযোগ, আমেরিকার ইতিহাসের সবচেয়ে ভয়াবহ এই সন্ত্রাসী হামলার আগে সন্ত্রাসীদের সহায়তা করেছিল তারা।

গত বৃহস্পতিবার যুক্তরাষ্ট্রের ডিস্ট্রিক্ট জজ জর্জ ড্যানিয়েলস রায় দিয়েছেন, বাদীদের দাবিগুলো এ মামলাটি বিচারের জন্য যথেষ্ট। ফলে এই ঐতিহাসিক মামলার বিচার চলতে থাকবে এবং দীর্ঘদিনের আইনি লড়াইও চলমান থাকবে।

বাদীদের অভিযোগ, সৌদি আরব সরকার ২০০১ সালের ১১ সেপ্টেম্বরে ওয়ার্ল্ড ট্রেড সেন্টার ও পেন্টাগনে হামলার আগে সন্ত্রাসীদের সহায়তাকারী একটি চরমপন্থী চক্রকে পৃষ্ঠপোষকতা করেছে। তবে সৌদি আরব এসব অভিযোগ বারবার অস্বীকার করেছে।

গত বছরের এক শুনানিতে নিহতদের পরিবারের আইনজীবীরা এ সংক্রান্ত তথ্য প্রমাণ উপস্থাপন করেন। তাঁদের দাবি, এতে এমন একটি চক্রের বিষয়ে তথ্য উঠে এসেছে যাদের সঙ্গে যুক্তরাষ্ট্রে কমব্রত কয়েকজন উচ্চপদস্থ সৌদি কর্মকর্তা জড়িত ছিলেন। আইনজীবীদের দাবি, এই চক্রটি সারা দেশে সন্ত্রাসীদের চলাফেরায় সহায়তা করেছে।

ড্যানিয়েলস তাঁর রায়ে বলেছেন, মামলার অভিযোগের জবাবে সৌদি আরব যে ব্যাখ্যা বা প্রসঙ্গ তুলে ধরেছে, সেগুলো খুব একটা বিশ্বাসযোগ্য নয়। অনেক জায়গায় সেগুলো স্ববিরোধীও বটে। তাঁর মতে, ৯/১১-এর হামলার আগে সন্ত্রাসীদের সহায়তায় ওমর আল-বায়ুমি ও ফাহাদ আল-থুমাইরি নামের দুই ব্যক্তিকে নিয়োগ দিয়েছিল সৌদি আরব।



হাবিব রহমান

জাপান যাচ্ছে বাংলা ট্যুর

নিউইয়র্ক *(ইউএনএ):* নিউইয়র্কে বাংলাদেশী মালিকানায় একমাত্র ট্যুর অপারেটর বাংলা ট্যুর একদল পর্যটক নিয়ে জাপান যাচ্ছে। বিশ্ব পর্যটক ও ভ্রমণ সংগঠক হাবিব রহমানের নেতৃত্বে গ্রুপটি আগামী ৬ সেপ্টেম্বর জাপানী বিমান সংস্থা নিপ্পন এয়ারওয়েজে টোকিওর উদ্দেশ্যে জেএফকে ত্যাগ করবে। ১০ দিনের এই ভ্রমণসূচিতে থাকছে জাপানের ঐতিহাসিক নিদর্শন, আধুনিক নগরীর সৌন্দর্য ও প্রাকৃতিক বৈচিত্র পরিদর্শন। খবর ইউএনএ'র।

বাংলা ট্যুর-এর কর্ণধার হাবিব রহমান জানান, জাপান ভ্রমণের শুরুতেই পর্যটক দল ঘুরে দেখবেন টোকিওর বিখ্যাত ইম্পেরিয়াল প্যালেস, আধুনিক স্থাপত্যের প্রতীক টোকিও টাওয়ার ও টোকিও স্কাই ট্রি। শহরের প্রাণকেন্দ্র শিবুয়া ক্রসিং ও ঐতিহাসিক আসাকুসার সেন্সো-জি মন্দিরেও যাবে দলটি। এছাড়াও পরিদর্শনের তালিকায় রয়েছে উএনো পার্ক ও চিড়িয়াখানা, আর আধুনিক প্রযুক্তির আকর্ষণীয় কেন্দ্র আকিহাবারা। শুধু রাজধানী টোকিও নয়, ভ্রমণ দলটি ঘুরে দেখবে জাপানের সাংস্কৃতিক ঐতিহ্যের শহর কিয়োটো, শিল্প ও বাণিজ্যের নগরী ওসাকা, ইতিহাসের সাক্ষী হিরোশিমা, প্রাকৃতিক সৌন্দর্যে ভরা হোক্কাইডো এবং সমুদ্রবেষ্টিত পর্যটনকেন্দ্র ওকিনাওয়া।

ব্রঙ্কস বাংলাদেশ সোসাইটি'র পথমেলা অনুষ্ঠিত


শেখ শফিকুর রহমান: নিউইয়র্কের ব্রঙ্কসে বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কসের উদ্যোগে পাঁচ সহস্রাধিক মানুষের উপস্থিতিতে পথমেলা অনুষ্ঠিত হলো। রোববার (৩১ আগস্ট) ব্রঙ্কসের স্টার্লিং বাংলাবাজারে দিনব্যাপী এই পথমেলা অনুষ্ঠিত হয়। রং বেরঙের বেলুন উড়িয়ে মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন এটর্নি মঈন চৌধুরী ও টাইটেল স্পন্সর আব্দুর রব দলা মিয়া। মেলায় ছিল বিভিন্ন ধরনের স্টল ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

সংগঠনের সভাপতি মোহাম্মদ শামীম আহমেদের সভাপতিত্বে ও বুলবুল আহমেদের সঞ্চালনায় অতিথিবৃন্দ ছিলেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সিনিয়র সহ-সভাপতি মহিউদ্দিন দেওয়ান, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, বোর্ড অব ট্রাস্টি জুনেদ চৌধুরী, ডিস্ট্রিক্ট-৮৭ এর অ্যাসেম্বলীওম্যান কারনেস রায়াস, বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কসের সাবেক সভাপতি শাহেদ আহমেদ, আব্দুস শহীদ, মাহবুব আলম ও শামীম মিয়া, সাবেক সাধারণ সম্পাদক কয়েসউজ্জামান কয়েস, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা'র সহ সভাপতি লোকমান হোসেন লুকু ও জাবেদ উদ্দিন, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রোকন হাকিম, সাবেক উপদেষ্টা আব্দুল মুহিত, বাংলাদেশ সোসাইটির সাবেক যুগ্ম সম্পাদক সিরাজ উদ্দিন আহমেদ সোহাগ, কমিউনিটি নেতা শেখ জামাল হোসেন, কমিউনিটি নেতা ইমরান শাহ রন, খবির উদ্দিন, জাকির চৌধুরী সিপিএ। উপস্থিত ছিলেন মেলা কমিটির আহ্বায়ক সামাদ মিয়া জাকেরিন, প্রধান সমন্বয়ক মোস্তাকুর রহমান লিটন, সদস্য সচিব শেখ শফিকুর রহমান সহ কমিটির সদস্যরা।

ব্রঙ্কসের পাডলি স্ট্রিটের পুরো রাস্তা জুড়ে মেলার আসর বসেছিল। মেলা প্রাঙ্গণে পাঁচ সহস্রাধিক প্রবাসী বাংলাদেশীদের উপস্থিতিতে গনমানুষের মেলায় পরিণত হয়। অনুষ্ঠানে ঠিকানা গ্রুপের চেয়ারম্যান, সাবেক এমপি এমএম শাহীন, কমিউনিটি নেতা আজমল হোসেন কুনু, স্পন্সর তোফায়েল চৌধুরী লিটন সহ আমন্ত্রিত অতিথি ছিলেন বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দরা, তারা শুভেচ্ছা বক্তব্য রাখেন। এছাড়া মেলা উপভোগ করতে প্রবাসী বাংলাদেশীদের বিভিন্ন বয়সের নারী পুরুষ ও শিশু কিশোরদের আগমন ঘটে মেলা প্রাঙ্গণে।

সাংস্কৃতিক অনুষ্ঠানে বিন্দু কনা, রিন্টু দাশ, কৃষ্ণা তিথি, রোখসানা মির্জা, বাউল কালা মিয়া, রায়হান পারভেজ সঙ্গীত পরিবেশন করেন। শিল্পীরা একের পর এক জনপ্রিয় সব গান পরিবেশন করে শ্রোতাদের মুগ্ধ করেন। আকর্ষণীয় ছিল মিথুন একাডেমির শিল্পীদের বিভিন্ন নৃত্য পরিবেশনা। দিনব্যাপী অনুষ্ঠানের মধ্য দিয়ে রাত সাড়ে নয়টায় শেষ হয়।





ট্রাকচাপায় নিহত এনওয়াইপিডি পুলিশ কর্মকর্তা

ট্রাকচালক গ্রেপ্তার

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কের ব্রুকলিনে দায়িত্ব শেষ করে বাড়ি ফেরার পথে হিট-অ্যান্ড-রানে ট্রাক চাপায় এক এনওয়াইপিডি কর্মকর্তার মৃত্যু হয়েছে। ঘটনার পর পালিয়ে যান ট্রাকচালক কার্লোস আলমানজার তোরিবিও (৩০)। পরে কার্লোস আলমানজারকে ঐ রাতে ব্রুকলিন থেকে গ্রেপ্তার করা হয়।

পুলিশ জানায়, বুধবার রাতে ব্রুকলিন-কুইন্স এক্সপ্রেসওয়েতে আটলান্টিক অ্যাভিনিউর কাছে মোটরসাইকেল চালিয়ে যাচ্ছিলেন ওই কর্মকর্তা। সে সময় একটি বক্স ট্রাক তার মোটরসাইকেলের সঙ্গে ধাক্কা খেয়ে দ্রুত ঘটনাস্থল থেকে পালিয়ে যায়।

নিউইয়র্ক পুলিশ বেনেভোলেন্ট অ্যাসোসিয়েশন (পিবিএ) সোশ্যাল মিডিয়া (এক্স এ)মাধ্যমে জানিয়েছে, মোটরসাইকেল আরোহী ওই ব্যক্তিই ছিলেন পুলিশ কর্মকর্তা। নিহত কর্মকর্তার বয়স ৩০ বছর। দুর্ঘটনার সময় ডাউনটাউন ব্রুকলিনের ৮৪তম প্রিসিঙ্কট থেকে ডিউটি শেষ করে বাসায় ফিরছিলেন। দুর্ঘটনার পর গুরুতর আহত অবস্থায় তাকে ব্রুকলিনের এনওয়াইইউ ল্যাংগোন হাসপাতালে নেওয়া হলে চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন। দুর্ঘটনার সময় তার মাথায় হেলমেট ছিল। তিনি ২০২১ সালের ফেব্রুয়ারিতে এনওয়াইপিডিতে যোগ দেন।

এদিকে রাত সাড়ে সাতটার দিকে ব্রুকলিনেই তাকে গ্রেপ্তার করে পুলিশ। তার বিরুদ্ধে প্রাণঘাতী দুর্ঘটনার পর ঘটনাস্থল ত্যাগ, অরেজিস্টার্ড গাড়ি চালানো এবং লাইসেন্স প্লেট ছাড়া গাড়ি চালানোর অভিযোগ আনা হয়েছে।

বৃহস্পতিবার এনওয়াইপিডি জানিয়েছে আলমানজার তোরিবিওকে কোর্টে পাঠানো হবে।

হোম কেয়ার সার্ভিস (CDPAP) নিতে চান?



Bestcare
Home care, your care.

আমরা বাংলায় কথা বলি

PPL & NYS
DEPARTMENT OF HEALTH
অনুমোদিত
CDPAP - FACILITATOR

১৯৮১ সাল থেকে স্বাস্থ্যসেবায় কমিউনিটির সাথে আছি

আজই যোগাযোগ করুন - (516) 731-7808

3000 Hempstead Turnpike, Suite 205, Levittown, New York 11756
Email: cdpap@bestcare.com

Nassau	Queens	Bronx	Staten Island	Suffolk	Manhattan	Brooklyn
50 Clinton Street Suite 201 Hempstead, NY 11550	70-50 Austin Street Lower Level 130 Forest Hills, NY 11375	4119 White Plains Road Bronx, NY 10466	60 Bay Street Suite 506 Staten Island, NY 10301	97 West Main Street Bayshore, NY 11706	260 West 36th Street Suite 400 New York, NY 10018	1781 Flatbush Avenue 2nd Floor Brooklyn, NY 11210

শ্রী চিন্ময়ের জন্মবার্ষিকীতে নিউইয়র্কে সাহিত্য একাডেমির বিশেষ অনুষ্ঠান

নিউইয়র্ক: বিশ্বশান্তির দূত, কবি, দার্শনিক ও আধ্যাত্মিক গুরু শ্রী চিন্ময়ের ৯৪তম জন্মবার্ষিকী উপলক্ষে নিউ ইয়র্কের শ্রী চিন্ময় মেডিটেশন সেন্টার-এ এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। আমন্ত্রিত সংগঠন হিসেবে অংশগ্রহণ করে সাহিত্য একাডেমি। অনুষ্ঠানস্থলে প্রবেশের সঙ্গে সঙ্গেই অনুরাগীরা অনুভব করেন এক অনন্য আবহ, চারদিকে নীরবতা, সুশৃঙ্খলতা ও পারস্পরিক শ্রদ্ধাশীলতা। দেয়ালে টাঙানো শ্রী চিন্ময়ের বিভিন্ন সময়ের আলোকচিত্র যেন মনে করিয়ে দিচ্ছিলেন, তিনি আজও সবার মাঝেই উপস্থিত আছেন।

অনুষ্ঠান শুরু হয় সন্ধ্যা সাতটায়। সঞ্চালনা করেন নীরা কাদরী। সাহিত্য একাডেমির পরিচালক মোশাররফ হোসেন গুরু শ্রী চিন্ময়ের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। সেন্টারের পরিচালক রঞ্জনা কে. ঘোষ আন্তরিক ও আবেগঘন ভাষণে অতিথিদের স্বাগত জানান। কবিতার মাধ্যমে শ্রদ্ধা



নিবেদন করেন শামস আল মমীন, কাজী রফিক, বেনজির শিকদার, এম. এ. সাদেক, শাহীন ইবনে দেলোয়ার, সহুল আহমেদ, স্বপন বিশ্বাস, তাহমিনা খান, সুমি বেগ এবং আকবর হায়দার কিরন। কবিতা পাঠ শেষে বক্তব্য রাখেন অধ্যাপিকা হোসনে আরা বেগম এবং অনুষ্ঠানের অন্যতম উদ্যোক্তা সুরিত বড়ুয়া।

সঙ্গীত পরিবেশনায় অংশ নেন বাংলাদেশি বৌদ্ধ কমিউনিটির শিল্পী প্রজ্ঞা বড়ুয়া, আঁখি বড়ুয়া ও প্রেরণা বড়ুয়া। এছাড়া ছিল 'পরি'র বিশেষ পরিবেশনা। আর বিশেষ আকর্ষণ ছিল মেডিটেশন সেন্টারের শিল্পীদের পরিবেশিত সমবেত কণ্ঠ। অনুষ্ঠানের প্রাক্কালে ও সমাপ্তির পর অতিথিদের জন্য আন্তরিক আপ্যায়নের ব্যবস্থা ছিল, যা উপস্থিত সবার কাছে স্মরণীয় হয়ে থাকবে। এছাড়া সেন্টারের একজন পরিচালক শ্রী চিন্ময়ের ওপর আয়োজিত বিশ্বজনীন আলোকচিত্র প্রদর্শনী ঘুরে দেখান অতিথিদের। বিদায়ের আগে নীরা কাদরী ও আকবর হায়দার কিরন ভিজিটরস বুকে তাঁদের অনুভূতি লিখে রাখেন।

উল্লেখ্য, চট্টগ্রামে জন্মগ্রহণকারী শ্রী চিন্ময় সারা জীবন বিশ্বশান্তি, ধ্যান ও সঙ্গীত প্রচারে নিজেকে উৎসর্গ করেছিলেন। বর্তমানে তাঁর সমাধি এই সেন্টারেই অবস্থিত। শত শত অনুরাগীর অংশগ্রহণে আয়োজিত এ অনুষ্ঠান ভক্তি, শ্রদ্ধা ও আধ্যাত্মিকতার এক গভীর আবহ তৈরি করে, যা সবার মনে অনন্য অভিজ্ঞতা হয়ে থাকবে । --- প্রেস বিজ্ঞপ্তি





The Weekly Bangla Patrika

Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

ট্রাম্পের শুল্কনীতি ও মধ্যবিত্ত কর্মজীবী মানুষের জীবনযাত্রা

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের শুল্কনীতি এখন যুক্তরাষ্ট্রের অভ্যন্তরীণ অর্থনীতি ও সাধারণ মানুষের জীবনযাত্রার অন্যতম আলোচিত বিষয়। আন্তর্জাতিক বাণিজ্যে মার্কিন আধিপত্য সুদৃঢ় করার লক্ষ্য নিয়ে তিনি একের পর এক পদক্ষেপ নিচ্ছেন। আমদানিকৃত নানা পণ্যের ওপর আরোপিত উচ্চ শুল্ককে তিনি দেশীয় শিল্প সুরক্ষার হাতিয়ার হিসেবে উপস্থাপন করছেন। কিন্তু এই নীতির সরাসরি চাপ এসে পড়ছে মধ্যবিত্ত কর্মজীবী জনগোষ্ঠীর কাঁধে–যারা মূলত আমেরিকার অর্থনীতির মেরুদণ্ড।

অতিরিক্ত শুল্কের ফলে বিদেশ থেকে আসা খাদ্যদ্রব্য, পোশাক, প্রযুক্তি সামগ্রী, নির্মাণ সামগ্রী ও নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম লাফিয়ে বেড়েছে। একটি সাধারণ পরিবারের মাসিক ব্যয় গড়ে ১৫ থেকে ২০ শতাংশ পর্যন্ত বৃদ্ধি পেয়েছে বলে অর্থনীতিবিদদের পর্যালোচনা। সীমিত আয়ের কর্মজীবীরা বাধ্য হচ্ছেন দৈনন্দিন চাহিদা কমিয়ে আনতে। কেউ সঞ্চয় কমাচ্ছেন, কেউ আবার ক্রেডিট কার্ড ঋণের ফাঁদে আটকা পড়ছেন। দীর্ঘমেয়াদে এটি আমেরিকান ভোক্তা সমাজে এক ধরনের অস্থিরতা তৈরি করছে।

শুল্কনীতির কারণে যেসব শিল্প কাঁচামাল আমদানির ওপর নির্ভরশীল, তারা উৎপাদন খরচ সামলাতে হিমশিম খাচ্ছে। অনেক প্রতিষ্ঠান কর্মী ছাঁটাই বা বেতন কমানোর পথে হাঁটছে। শ্রমজীবী মানুষ, বিশেষ করে মধ্যবিত্ত শ্রেণির কর্মীরা, দ্বিগুণ চাপে পড়ছেন–একদিকে আয় কমছে, অন্যদিকে বাজারদর বাড়ছে। এর ফলে কর্মজীবী পরিবারের ভবিষ্যৎ পরিকল্পনা–সন্তানের পড়াশোনা, বাড়ি কেনা বা স্বাস্থ্যব্যয়–সবই অনিশ্চয়তার মুখে।

ট্রাম্প প্রশাসন দাবি করছে, উচ্চ শুল্ক দেশীয় শিল্পকে রক্ষা করছে এবং দীর্ঘমেয়াদে কর্মসংস্থান বাড়াবে। বাস্তবে দেখা যাচ্ছে, এই নীতি কিছু নির্দিষ্ট শিল্পকে সাময়িক সুবিধা দিলেও বৃহত্তর জনগোষ্ঠীকে চাপে ফেলছে। মধ্যবিত্ত মানুষের ভোগক্ষমতা হ্রাস পেলে অভ্যন্তরীণ বাজারও সংকুচিত হয়, যা শিল্পোন্নয়নের ধারাকে উল্টোদিকে টেনে নিয়ে যেতে পারে। অর্থনীতির স্বাভাবিক প্রবাহে ভোক্তা ও উৎপাদক–উভয়ের ভারসাম্য জরুরি, একপক্ষের স্বার্থে অন্যপক্ষকে বিসর্জন দিলে তা টেকসই উন্নয়ন আনে না।

অর্থনৈতিক চাপ কেবল হিসাব-নিকাশের মধ্যেই সীমাবদ্ধ নয়; এর প্রভাব পড়ছে মানুষের মানসিক ও সামাজিক জীবনে। পরিবারের মধ্যে অস্থিরতা বাড়ছে, জীবনযাত্রার মান নিম্নগামী হচ্ছে। মধ্যবিত্ত শ্রেণি সমাজে স্থিতিশীলতা ও ভারসাম্যের প্রতীক; তাদের উপর অতিরিক্ত চাপ পড়লে সামাজিক কাঠামোতেও টানাপোড়েন তৈরি হয়।

যুক্তরাষ্ট্রের অর্থনীতি বৈচিত্র্যময় ও বৈশ্বিকভাবে সংযুক্ত। তাই প্রয়োজন একটি সুষম শুল্কনীতি, যা দেশীয় শিল্পকে প্রতিযোগিতার সুযোগ দেবে, আবার একই সঙ্গে ভোক্তাদের স্বার্থও সুরক্ষিত রাখবে। কেবলমাত্র রাজনৈতিক জনপ্রিয়তা বা তাৎক্ষণিক বাণিজ্য ঘাটতি মোকাবেলার জন্য নীতিনির্ধারণ করলে তার খেসারত দিতে হয় সাধারণ জনগণকে। মধ্যবিত্ত কর্মজীবী মানুষের স্বস্তি নিশ্চিত না হলে অর্থনীতির প্রকৃত উন্নতি সম্ভব নয়।

ট্রাম্প প্রশাসনের শুল্কনীতি যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক বাণিজ্যে একটি শক্ত অবস্থান তৈরি করতে পারে, কিন্তু দেশের অভ্যন্তরে মধ্যবিত্ত কর্মজীবীদের জীবনযাত্রা ক্রমশই কঠিন হয়ে উঠছে। রাষ্ট্রের মূল শক্তি এই জনগোষ্ঠী; তাদের জীবনমানকে উপেক্ষা করে কোনো উন্নয়ন দীর্ঘমেয়াদে টেকসই হয় না। এখনই সময়, নীতিনির্ধারকদের ভাবতে হবে–অর্থনৈতিক সুরক্ষা নাকি মানুষের জীবনযাত্রা, কোনটি প্রকৃত অগ্রাধিকার।

সফলতার ২৮ বছরে
বাংলা পত্রিকা
যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে প্রকাশিত ও বহুল প্রচারিত প্রবাসী বাঙালি কমিউনিটির মুখপাত্র সাপ্তাহিক বাংলা পত্রিকা পড়ুন, লেখুন ও আপনার ব্যবসার প্রসারে বিজ্ঞাপন দিন
এ ছাড়াও দেশ ও প্রবাসে সর্বশেষ বস্তুনিষ্ঠ সংবাদ পেতে চোখ রাখুন আমাদের অনলাইন এবং ফেসবুক পেইজে
www.banglapatrikausa.com
Gmail banglapatrikausa@gmail.com


বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অশ্লীল স্লোগান: দায় কার?

ড. এম আবদুল আলীম

সাম্প্রতিক সময়ে একটি বিষয় খুব আলোচিত হচ্ছে। সেটি হচ্ছে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থী এবং 'ছাত্র-জনতা'র অশ্লীল স্লোগান। সামাজিক যোগাযোগমাধ্যমে, চায়ের আড্ডায় এবং পত্রপত্রিকার পাতায় অনেককেই এ নিয়ে উৎকণ্ঠা প্রকাশ করতে দেখা যাচ্ছে। আমি নিজেও আমার শিক্ষার্থীদের সঙ্গে শ্রেণিকক্ষে বিষয়টি নিয়ে কথা বলেছি। এককথায়, আমরা সমবেত স্বরে আওয়াজ তুলেছি, গেল গেল দেশটা রসাতলে গেল! কিন্তু দায় কার? দায় কি কেবল প্রতিপক্ষকে ঘায়েল করতে ক্ষোভে-জিঘাংসায় রাজপথে নেমে আসা একদল শিক্ষার্থী কিংবা 'ছাত্র-জনতার'? নাকি আমাদের সবার? বাহ্যত বিষয়টি সরল মনে হলেও, বাস্তবে পাটিগণিতের সরল অঙ্কের মতো জটিল।

> *...সন্তানদের মুখে অশ্লীল স্লোগান এল কী করে? এককথায় উত্তর, আমরা সবাই সম্মিলিতভাবে তাদের মুখে এই স্লোগান তুলে দিয়েছি। তাই দায় কেবল তাদের নয়, আমাদের সবার...*

একটি গাছ যেমন এক দিনে ডালপালা গজিয়ে আকাশের বুকে শাখা-প্রশাখা মেলে দেয় না, একটি দেশেও তেমনি অবক্ষয়ের বিষবৃক্ষ এক দিনে মহিরুহে পরিণত হয় না। পরিবার, সমাজ, রাষ্ট্র অবক্ষয়ের বীজ বপন করে দীর্ঘ সময় ধরে লালনপালন ও পরিচর্যা করে তাকে মহিরুহে পরিণত করে। বিশ্ববিদ্যালয়ে যে শিক্ষার্থীরা পড়ে তারা কারা? তারা কি মাটি ফুঁড়ে হঠাৎ করে বিশ্ববিদ্যালয়ের আঙিনায় আবির্ভূত হয়েছে? নাকি কারও জাদুর কাঠির ছোঁয়ায় আকাশ থেকে ঝাঁকে ঝাঁকে নেমে এসেছে। না, তারা পরিবারে জন্মে, সমাজে বেড়ে ওঠে, অনেক শিক্ষায়তনের গণ্ডি পার হয়ে কঠিন প্রতিযোগিতামূলক পরীক্ষার বৈতরণি পার হয়ে মেধার চূড়ান্ত স্বাক্ষর রেখে তারপরই বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়েছে। সংগত কারণেই প্রশ্ন আসে, এই মেধাবী সন্তানদের মুখে অশ্লীল



ইদানীং কারও কারও বাড়ির সামনে মব সৃষ্টি করে অশ্লীল স্লোগান দেওয়া হচ্ছে। ইলাস্ট্রেশন: এআই

প্রথমেই 'অশ্লীলতা' শব্দটি সম্পর্কে পণ্ডিতদের শরণাপন্ন হওয়া যাক। বাংলা একাডেমি আধুনিক বানান অভিধানে 'অশ্লীল' শব্দের অর্থ পাওয়া যায় কয়েকটি; যেমন–অশালীন, অশিষ্ট, কুরুচিপূর্ণ, কুৎসিত ও জঘন্য। অশ্লীল থেকেই এসেছে অশ্লীলতা শব্দটি, যার জুতসই ইংরেজি 'ভালগারিজম'। এআই পণ্ডিতের কাছে বিষয়টি সম্পর্কে জানতে চাইলে, স্পষ্ট জানিয়ে দিল, 'ভালগারিজম' বা 'ভালগারিটি' 'অশ্লীলতা' বোঝাতে ব্যবহৃত হয়, যা সমাজে সাধারণত আপত্তিকর, নোংরা বা অশ্লীল বলে বিবেচিত হয়। এটি সামাজিক রীতিনীতি বা শালীনতার পরিপন্থী যেকোনো বিষয়কে বোঝাতে পারে, যেমন আপত্তিকর ভাষা, অনুপযুক্ত আচরণ বা যৌনতাপূর্ণ বিষয়বস্তু।

এবার দেখা যাক, এ বিষয়ে ধর্মশাস্ত্র ও সমাজবিজ্ঞানীদের বক্তব্য কী। পবিত্র কোরআনের সুরা আন-নূরের ১৯ নম্বর আয়াতে যা বলা হয়েছে, তার মর্মকথা হলো, যারা অশ্লীলতা ছড়ায়, দুনিয়া ও আখেরাতে তাদের জন্য রয়েছে ভয়াবহ শাস্তি। এ ছাড়া অনেক সুরা ও হাদিসে অশ্লীলতা সম্পর্কে কঠিন শাস্তির কথা বলা হয়েছে। ভগবদ্গীতায় বলা হয়েছে, যদি তুমি অশ্লীল ভাষা ব্যবহার করো, তাহলে তুমি সাধুও নয়, শিষ্য বা অনুসারী তৈরির যোগ্যও নয়। বাইবেলে অশ্লীলতাকে স্পষ্টভাবে নিন্দা করে একে নিষিদ্ধ, অনৈতিক ও পাপপূর্ণ কাজ বলে গণ্য করা হয়েছে। সমাজবিজ্ঞানীরা অশ্লীলতাকে একটি সামাজিক সমস্যা হিসেবে চিহ্নিত করে বলেছেন, এর দ্বারা ব্যক্তিগত ও সামাজিক জীবনে ব্যাপক নেতিবাচক প্রভাব পড়ে এবং সমাজের সুস্থ বিকাশ বাধাগ্রস্ত হয়। রাষ্ট্রীয় আইনেও অশ্লীলতা সম্পর্কে দণ্ড নির্ধারণ করা হয়েছে। বাংলাদেশের দণ্ডবিধির ২৯২-২৯৩ ধারায় বলা হয়েছে–অশ্লীল প্রকাশনা প্রকাশ, প্রচার, বিক্রি, আমদানি ইত্যাদি শাস্তিযোগ্য অপরাধ। এর শাস্তির মেয়াদ তিন মাসের কারাদণ্ড, অর্থদণ্ডও হতে পারে।

এবার আসা যাক, দেশের সর্বোচ্চ বিদ্যাপীঠের শিক্ষার্থীদের অশ্লীল স্লোগান সম্পর্কে। আন্দোলন-সংগ্রাম এবং প্রতিবাদের ভাষা হিসেবে স্লোগান নতুন কিছু নয়। সব কালে, সব দেশেই প্রতিবাদী মানুষের কণ্ঠে নতুন নতুন স্লোগান ব্যবহৃত হয়েছে। সেসব নিয়ে 'স্লোগানে স্লোগানে রাজনীতি' নামে বইও রচিত হয়েছে। সেসব স্লোগানে ধর্মীয় আদর্শ, রাজনৈতিক বিশ্বাস ও চিন্তার প্রতিফলন ঘটেছে। স্লোগানের সূত্র ধরেই আন্দোলন-সংগ্রাম ও বিপ্লবের আগুন স্ফুলিঙ্গ থেকে দাবানলের রূপ ধারণ করে এক মানুষ থেকে কোটি মানুষের কণ্ঠে ধ্বনিত হয়েছে।

সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা প্রতিপক্ষের বিরুদ্ধে ক্ষোভের প্রকাশ ঘটাতে অশ্লীল স্লোগান তুলছে। নানা সময় অশ্লীল স্লোগান শোনা গেলেও এটি আলোচনায় আসে ঢাকার রাজপথে প্রকাশ্যে পাথর মেরে এক ব্যক্তিকে হত্যার পর। তখন ক্ষুব্ধ শিক্ষার্থীরা স্লোগান তোলে - 'এক দুই তিন চার, অমুকের ...।' গত সোমবার একজন রাজনীতিবিদের বাসার সামনে কিছুসংখ্যক 'ছাত্র-জনতার' সঙ্গে এক যুবতী একটি প্ল্যাকার্ড নিয়ে বসে আছে, তাতে লেখা আছে, 'গাছের আগায় কাউয়া, অমুক ...।' যুবতীটি কেবল এমন স্লোগানসংবলিত লিখিত প্ল্যাকার্ডই বহন করছে না, মাঝে মাঝে তা স্লোগানেও ব্যবহার করছে।

স্লোগান এল কী করে? এককথায় উত্তর, আমরা সবাই সম্মিলিতভাবে তাদের মুখে এই স্লোগান তুলে দিয়েছি। তাই দায় কেবল তাদের নয়, আমাদের সবার। আমরা দীর্ঘদিন ধরে পরিবারে, সমাজে, শিক্ষাপ্রতিষ্ঠানে, ওয়াজ মাহফিলে, মসজিদ-মন্দিরের ধর্মীয় আলোচনায়, ইউটিউব-ফেসবুকসহ নানা সামাজিক মাধ্যমে, রেডিও-টেলিভিশনের টক শো, নাটক-সিনেমায়, সংবাদপত্রের পাতায়, সাহিত্য-সংস্কৃতির আড্ডায়, সংসদ অধিবেশন থেকে বড় বড় জনসভা, সংবাদ সম্মেলন থেকে বিশ্ব মিডিয়ার সাক্ষাৎকার; সর্বত্র যে বিষবৃক্ষের বীজ আমরা বপন করেছি, তা অঙ্কুরিত হয়ে ক্রমে ডালপালা ছড়িয়ে মহিরুহে পরিণত হয়েছে। অর্থাৎ এক পক্ষ আরেক পক্ষকে ঘায়েল করতে যে কুরুচিপূর্ণ বক্তব্য, বিষোদ্গার ও অশ্লীলতা আমরা বছরের পর বছর ছড়িয়ে চলেছি, তা-ই নতুন প্রজন্মের মাঝে সঞ্চারিত হয়ে তাদের প্রতিবাদের ভাষায় অশ্লীল স্লোগান রূপে স্থান পেয়েছে।

শিক্ষার্থীদের অশ্লীল স্লোগানের প্রথম দায় পরিবারের, তারপর সমাজ-রাষ্ট্র ও অন্যদের। একসময় যৌথ পরিবারে পিতা-মাতা, দাদা-দাদি, নানা-নানি, চাচা-চাচি, মামা-মামি, খালা-খালু–সবার স্নেহ-মায়া, আদর-ভালোবাসায় শিশুরা বেড়ে উঠত। পরিবারের বয়স্ক সদস্যরা গল্প-আড্ডা, হাসিঠাট্টায় শিশুদের আনন্দ দিয়ে আদব-কায়দাসহ নানা নীতিনৈতিকতা ও মূল্যবোধ শেখাত। আর্থসামাজিক-কালিক বাস্তবতায় যৌথ পরিবার ভেঙে গেছে। একক পরিবারের পিতা-মাতারা কর্মের চাপে সন্তানদের তেমন সময় দিতে পারেন না। কাজের অবসরে যতটুকু সময় পান ৫-এর পৃষ্ঠায় দেখুন

ঘাটতি পুষছে ঋণ, গতি হারাচ্ছে অর্থনীতি



শাহীন হাওলাদার, *নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র*

জাতীয় বাজেট হলো একটি দেশের আয়-ব্যয়ের নকশা। ব্যয়ের সিংহভাগ অর্থ জোগান দেওয়ার কথা রাজস্ব থেকে। অথচ এক যুগেরও বেশি সময় ধরে দেশের রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা পূরণ হয়নি। প্রতিবছরই বিশাল ঘাটতি থেকে যাচ্ছে। এ ঘাটতি পুষতে সরকারকে বারবার বৈদেশিক ঋণের শরণাপন্ন হতে হচ্ছে। এতে বাড়ছে ঋণের চাপ, আর সুদ পরিশোধের দায় ক্রমশ ভারী হয়ে উঠছে।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) ২০২১ সালের প্রতিবেদন বলছে, দেশে সরকারি চাকরিজীবীর সংখ্যা সাড়ে ১৫ লাখ। সরকারি খাত ছাড়াও বেসরকারি খাতে কোটি কোটি মানুষ কর্মরত। কর্মজীবী মানুষের সংখ্যা ৭ কোটির বেশি। অবশ্য সবাই আয়করের আওতায় পড়েন না। তবে অন্তত দুই কোটি মানুষ নিয়মিত কর দেওয়ার সক্ষমতা রাখেন। কিন্তু বাস্তব চিত্র ভিন্নদেশে বর্তমানে কর দেন মাত্র ৪২ লাখ মানুষ। অথচ টিআইএন রয়েছে ১ কোটি ১২ লাখ ব্যক্তির।

রাজস্ব আহরণে ব্যর্থতার কারণে বাংলাদেশের কর জিডিপি অনুপাত স্থবির হয়ে পর্যায়ে। প্রতিবেশি দেশের সাথে তুলনা করলে বিশেষ করে ভারতে এ হার প্রায় ১৬ শতাংশ এবং নেপালে ১৯ শতাংশের কাছাকাছি।

অথচ দেশের অর্থনীতি এক যায়গায় থেমে নেই। শিল্প, বাণিজ্য ও কর্মসংস্থান বাড়ছে। বিবিএসের ২০২১ সালের প্রতিবেদন বলছে, দেশে সরকারি চাকুরিজীবীর সংখ্যাই সাড়ে ১৫ লাখ। এছাড়া দেশে কর্মজীবী মানুষের সংখ্যা ৭ কোটির বেশি। যদিও তাদের সবাই কর দেওয়ার মতো টাকা আয় করেন না। তবে অন্তত দুই কোটি মানুষ কর দেওয়ার সামর্থ্য রাখেন। বর্তমানে দেশে কর দেন প্রায় ৪২ লাখ মানুষ। অন্যদিকে টিআইএন আছে ১ কোটি ১২ লাখ।

পোশাক রপ্তানিতে বাংলাদেশের প্রতিদ্বন্দ্বী ভিয়েতনামে কর-জিডিপি অনুপাত ১৮ দশমিক ৬০ শতাংশ। প্রতিবেশী দেশ নেপালে এই অনুপাত ২৫ দশমিক ২৯ শতাংশ। বাংলাদেশের স্বাধীনতা পরবর্তী সময়ে দ্রুত উন্নতি করা মালয়েশিয়ার কর-জিডিপি অনুপাত ১১ দশমিক ৬০ শতাংশ। অথচ দেশের কর-জিডিপি অনুপাত ৮ শতাংশের নিচে। এই যখন অবস্থা; ২০৩৫ সালের মধ্যে দেশের কর-জিডিপি অনুপাত ১০ শতাংশ করার লক্ষ্যমাত্রা স্থির করেছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)।

একটি দেশের অর্থনীতির প্রাণভোমরা হলো ওই দেশের রাজস্ব আয়। আর এই কারণেই কর জিডিপি অনুপাতের এই চিত্র ও ভবিষ্যৎ লক্ষ্যমাত্রা একই সঙ্গে আতঙ্কের ও হতাশার।

অভ্যন্তরীন রাজস্ব আদায় বেশি হওয়ায় দেশগুলো সয়ংসম্পূর্ণতা অর্জন করতে পেরেছে। অন্যদিকে কর আদায়ে দুর্বলতার কারণে এখনও উন্নয়ন কাজে বিদেশী ঋণ নিতে হচ্ছে সরকারকে। অর্থসংকটে আটকে যাচ্ছে এডিপি বাস্তবায়ন। গত বছরে এই হার ছিলো বিগত ৪৮ বছরের মধ্যে সর্বনিম্ন।

সরকারি-বেসরকারি জরুরি সেবায় দীর্ঘসূত্রতা। বেশিররভাগ ক্ষেত্রে এর সমাধান মেলে কাগজের মুদ্রায়। সাধারণ প্রয়োজন ছাড়াও নাগরিকেরা মৌলিক পাঁচটি অধিকার পেতেই হিমশিম খাচ্ছেন। কাঙ্ক্ষিত নাগরিক সেবা না পেয়ে হতাশা ও ক্ষোভ তাদের হৃদয়ে। রাজস্ব আদায়ের চিত্র দেখলে এর প্রতিফলন দেখা যায়। অর্থনীতির আকারে বিশ্বের ৩৫তম হলেও কর-জিডিপি অনুপাতে বিশ্বের সবচেয়ে পিছিয়ে থাকা দেশগুলোর একটি বাংলাদেশ।

বর্তমানে বাংলাদেশের জিডিপির আকার ৪৫ হাজার ৫০ কোটি ডলার। এর বিপরীতে কর আদায়ের অনুপাত ৭ দশমিক ৪০ শতাংশ। না এমনটি মনে করেন। তাই কর দিতে অনীহা রয়েছে তাদের। সরকারি কর্মচারিরা করের টাকায় বেতন ভাতা পেলেও তাদের দুর্ব্যবহার ভুলতে পারেন না সাধারণ মানুষ। সেবা প্রত্যাশীদের ভোগান্তি লাঘব ও করের টাকার সঠিক ব্যবহার রাষ্ট্র নিশ্চিত করতে না পারলে কর আদায় বাড়ার সম্ভাবনা দুর্বল। তাই এক্ষেত্রে বিষয়গুলো সমাধানে এগিয়ে আসতে হবে রাষ্ট্রকে।তাহলে দেশের কর আদায় বেড়ে অন্তত দ্বিগুণ হতে পারে বলে মত প্রকাশ করেছেন অর্থনীতিবিদরা। কর-জিডিপি অনুপাত ২০৩৫ সালের মধ্য সাড়ে ১০ শতাংশ করার লক্ষ্য নিয়েছে এনবিআর। যা অত্যন্ত অপ্রতুল। তবে রাষ্ট্রের কাঠামোগত পরিবর্তন, জবাবদিহিতা নিশ্চিত করা, ব্যয়ে স্বচ্ছতা, সেবায় দ্রুততা আসলে একই সময়ের মধ্যে কর-জিডিপি অনুপাত বেড়ে ২৫ শতাংশ ছাড়িয়ে যেতে পারে।

বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদনে আমরা দেখেছি সরকারি ক্রয়ে স্বচ্ছতার অভাব, উন্নয়ন প্রকল্পে উচ্চ ব্যয়, শিক্ষা-স্বাস্থ্যসহ সব ধরণের সেবা দেওয়ার ক্ষেত্রে জনভোগান্তি হলেও জবাবদিহিতার অভাব প্রবল আকার ধারণ করেছে।

থাকেন। তবে বাংলাদেশের প্রেক্ষাপটে এসব সুবিধা শুধুমাত্র কাগজে কলমেই সীমাবদ্ধ।

প্রকতপক্ষে একজন নাগরিক বা করদাতা চান তার দেওয়া করের বিনিময়ে প্রাপ্য সম্মান ও নাগরিক সুবিধা চান। ভবিষ্যৎ নিরাপত্তা নিশ্চিত করতে চান। কিছু দেওয়ার বিনিময়ে কিছু না পেলে করদাতারা কখনোই কর দিতে উৎসাহিত হবেন না। এক্ষেত্রে যত অটোমেশন বা সংস্কারই করা হোক না কেন-তাতে ফল আসবে না। ফল পেতে পরিবর্তন দরকার রাষ্ট্রের। নিম্ন কর-জিডিপি অনুপাতের জন্য এনবিআর নয়, দায়ী রাষ্ট্রের ভঙ্গুর ব্যবস্থা।

রাষ্ট্রের সামগ্রিক পরিবর্তনের পাশাপাশি পরিবর্তন দরকার এনবিআরেরও। সেক্ষেত্রে ই-টিআইএন চালু করলেই দায় শেষ নয়, এর সার্বিক রক্ষণাবেক্ষণ করাও জরুরি। করদাতাদের এই সার্ভার ব্যবহারের বাজে অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে তার মান উন্নয়ন করতে হবে। ন্যাশনাল সিঙ্গেল উইন্ডোকে সচল রাখতে হবে। ভ্যাট নিবন্ধন ও রিটার্ন জমার পদ্ধতি সহজ করলে ভ্যাটদাতারা কিছুটা হলেও স্বস্তি পাবেন।

কাস্টম হাউসে দালালের দৌরাত্ম

> *...রাষ্ট্রের সামগ্রিক পরিবর্তনের পাশাপাশি পরিবর্তন দরকার এনবিআরেরও। সেক্ষেত্রে ই-টিআইএন চালু করলেই দায় শেষ নয়, এর সার্বিক রক্ষণাবেক্ষণ করাও জরুরি। করদাতাদের এই সার্ভার ব্যবহারের বাজে অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে তার মান উন্নয়ন করতে হবে। ন্যাশনাল সিঙ্গেল উইন্ডোকে সচল রাখতে হবে। ভ্যাট নিবন্ধন ও রিটার্ন জমার পদ্ধতি সহজ করলে ভ্যাটদাতারা কিছুটা হলেও স্বস্তি পাবেন...*



আছে ৮-৯ শতাংশে। এটি দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে সর্বনিম্ন। প্রতিবেশি দেশ ভারতে যেখানে কর জিডিপি অনুপাত প্রায় ১৬ শতাংশ, নেপালে তা ১৯ শতাংশের কাছাকাছি।

রাজস্ব ঘাটতি মেটাতে ঋণ নেওয়া সহজ সমাধান মনে হলেও দীর্ঘমেয়াদে এর চাপ ভয়াবহ। বাজেটের বড় অংশই চলে যাচ্ছে সুদ ও কিস্তি পরিশোধে। ফলে অবকাঠামো, সামাজিক খাত কিংবা মানবসম্পদ উন্নয়নে ব্যয় সীমিত হচ্ছে। একই সঙ্গে বাড়ছে অভ্যন্তরীণ বিনিয়োগ ও কর্মসংস্থানের অনিশ্চয়তা।

আমি মনে করি রাজস্ব আয় বাড়াতে না পারার পেছনে একাধিক কারণ কাজ করছে তার মধ্যে কর ফাঁকি ও অপ্রদর্শিত অর্থনীতি ও জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এর দুর্বলতা ও জটিলতা অন্যতম। অপরদিকে ব্যবসাবান্ধব করনীতির ঘাটতি ও জনগণের আস্থাহীনতার জন্য রাজস্ব প্রবৃদ্ধি হচ্ছে না। আমাদের দেশে কর জিডিপি অনুপাত ৮-৯ শতাংশ যা দক্ষিণ এশিয়ার মধ্যে সর্বনিম্ন যেখানে বিশ্বব্যাপী কর-জিডিপি অনুপাতের গড় প্রায় ১৬ দশমিক ৬০ শতাংশ।

রাষ্ট্রের শীর্ষ ব্যক্তি থেকে শুরু করে অর্থনীতি নিয়ে যারা ভাবেন, তাদের মুখে এই নিম্ন কর-জিডিপি অনুপাত নিয়ে হা-হুতাশ শোনা যায়। কিভাবে কোন কৌশলে রাজস্ব আদায় বাড়িয়ে এই অনুপাত বাড়ানো যায় তা নিয়ে চলছে বিস্তর গবেষণা ও আলোচনা।

জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) প্রতি বছরই বাজেটে করের আওতা না বাড়িয়ে প্রত্যক্ষ ও পরোক্ষ করের হার বাড়িয়ে জনগনের কাঁধে চাপিয়ে দিচ্ছে বুলডোজার। তবে কেন দেশের প্রায় ২ কোটি করযোগ্য মানুষ কর দিচ্ছে না এবং বিভিন্ন কৌশলে কর কম দিচ্ছে সেটা জানার চেষ্টা করছে না। যুক্তরাষ্ট্র সফর করে রাজস্ব আদায় নিয়ে বড় কোন অভিজ্ঞতা না থাকলেও সাধারণ জনগণ বিশেষ করে যারাই আয় করছেন তাদের আয়ের উপর কর কর্তন ব্যবস্থা খুবই সুন্দর।

দেশের মানুষের সক্ষমতা থাকলেও তারা করের টাকা সঠিকভাবে ব্যয় হবে

যদিও কর আদায় বাড়াতে নানামুখী সংস্কারের উদ্যোগ নেওয়া হয়েছে। এর মধ্যে আয়কর, ভ্যাট ও কাস্টমস অনুবিভাগে অটোমেশন অন্যতম। এনবিআরকে ভেঙে রাজস্ব নীতি বিভাগ ও রাজস্ব ব্যবস্থাপনা বিভাগ করার উদ্যোগও এখন আলোর মুখ দেখার অপেক্ষায়। আন্তর্জাতিক মুদ্রা তহবিল সহ বিভিন্ন দাতা সংস্থা ও ব্যবসায়ীদের চাপের মুখেই মূলত সংস্কারে গুরুত্ব দিয়েছে সরকার।

তবে বর্তমানে প্রতি অর্থবছরে অন্তত ২ লাখ ৫০ হাজার কোটি টাকা রাজস্ব হারাচ্ছে এনবিআর। শুধুমাত্র অটোমেশনের মাধ্যমে এ হারানো কর আদায় করা সম্ভব নয়। এজন্য শুধু এনবিআর সংস্কার নয়, সম্পূর্ণ রাষ্ট্রকাঠামোর সংস্কার প্রয়োজন।

উন্নত বিশ্বের একজন নাগরিক তার শিক্ষা, চিকিৎসা, কর্মহীন থাকলে বেকার ভাতা, সহজে বিভিন্ন ধরণের সনদ পাওয়া, বার্ধক্যে সরকারি পেনশন ও সুবিধা, উন্নত নিরাপত্তা ব্যবস্থা, আইনগত সুরক্ষা পেয়ে

দমন করতে হবে। বাড়াতে হবে মনিটরিং। পাশাপাশি বন্দরে কন্টেইনার জট যাতে তৈরি না হয় সেদিকে খেয়াল রাখা প্রয়োজন। তাতে করদাতারা স্বস্তি পাবেন, আমদানি-রপ্তানিতে ফিরবে গতি। সরকারের কর আদায়ও বাড়বে। তবে কর আদায়ে মনযোগ দেওয়ার সঙ্গে সঙ্গে দীর্ঘমেয়াদে করদাতার প্রাপ্তিও বিবেচনা করা প্রয়োজন বলে মনে করি।

অর্থনীতি এগোচ্ছে, শিল্প ও কর্মসংস্থান বাড়ছে, কিন্তু রাজস্ব আহরণের গতি বাড়ছে না। সুতরাং সময় এসেছে কর ব্যবস্থাকে সংস্কার, কর-নেতৃত্বাধীন প্রবৃদ্ধি নিশ্চিত করা এবং জনগণের অংশগ্রহণমূলক রাজস্ব সংস্কৃতি গড়ে তোলার। বৈদেশিক ঋণ সাময়িক সমাধান দিলেও দীর্ঘমেয়াদে তা অর্থনীতিকে ঋণের ফাঁদে ফেলবে। তাই কর-সংস্কার ও করদানের সংস্কৃতি গড়ে তোলার বিকল্প নেই।

লেখক: সাংবাদিক ও কলামিস্ট, সদস্য, ন্যাশনাল প্রেস ক্লাব, ওয়াশিংটন
sahinhowladar@gmail.com

বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অশ্লীল স্লোগান: দায় কার?

৪-এর পৃষ্ঠায় পর

অনেক পিতা-মাতা কলহ-বিবাদে মত্ত থাকেন; আর পরিবারের অপরাপর সদস্যদের গিবত-নিন্দা করে শিশুর মনে তাদের সম্পর্কে বিরূপ ধারণা দিয়েই বড় করেন। অধিকাংশ মায়ের কাছে শিশুরা পিতার কুল সম্পর্কে নেতিবাচক কথাবার্তা শুনতে শুনতে বড় হয়। পরিবারের পর আসে সমাজ। গ্রামে-শহরে এখন খেলার মাঠগুলো প্রায় বিলুপ্ত হয়ে গেছে। সুস্থ বিনোদনের ক্লাব নেই বললেই চলে। রাস্তার ধারে, গলির মোড়ে, দোকানের বেঞ্চিতে কিংবা চায়ের স্টলে বসে একজন কিশোর পরনিন্দা-গিবত, অশ্লীল বাক্যালাপ ব্যতীত শিক্ষণীয় কিছু পায় না। সমাজপতিরা আধিপত্য বিস্তারের স্নায়ুযুদ্ধ কিংবা প্রকাশ্য সংঘাতে সমাজকে বিষিয়ে তোলেন। সময় সময় কিশোর-যুবকদের এগুলোতে হাতিয়ার হিসেবে ব্যবহার করেন। স্কুলে ভর্তি করেই মায়েরা শেখায় সহপাঠীর সঙ্গে প্রতিযোগিতা করার অসুস্থ লড়াই। পরস্পরের প্রতি হিংসা-দ্বেষ এভাবেই ছড়ায়। শিক্ষকেরা প্রাইভেট শিকারের নেশায় ক্লাসে, ক্লাসের বাইরে সুযোগ পেলেই সহকর্মীদের পিণ্ডি চটকায়। এক শিক্ষক আরেক শিক্ষকের প্রাইভেটের ছাত্রের সঙ্গে যে আচরণ করে, তাতে শিক্ষকতা পেশার মহানুভবতার লেশমাত্র থাকে না। এ চিত্র কেজি কিংবা প্রাইমারি স্কুল থেকে সর্বোচ্চ বিদ্যাপীঠ বিশ্ববিদ্যালয়েও চোখে পড়ে। বিশ্ববিদ্যালয়ে প্রাইভেট পড়ানোর ব্যাপার নেই বটে, তবে আধিপত্য প্রতিষ্ঠার লড়াইয়ে পরস্পরের কাদা-ছোড়াছুড়ি নোংরামির চূড়ান্ত পর্যায়ে পৌঁছে, যা শিক্ষার্থীদের মধ্যে সম্প্রীতি-সহমর্মিতা বৃদ্ধির পরিবর্তে ছড়ায় হিংসা-ক্রোধের বিষ। ব্যতিক্রম অবশ্যই আছে, তবে তা সীমিত।

ওয়াজ মাহফিলগুলোতে ভিন্নমত, ভিন্ন ধর্ম সম্পর্কে কী পরিমাণ বিষোদ্গার করা হয়, তার প্রমাণ ইউটিউবগুলোতে প্রতিনিয়ত দেখা যায়। সাহিত্য-সংস্কৃতির আড্ডা এবং অনুষ্ঠানগুলোতে আজকাল প্রায়ই দেখা যায় নিন্দা-গিবতের উল্লম্ফন। ইউটিউবের ইনফ্লুয়েন্সাররা ভিউ বাড়ানোর জন্য অশ্লীলতাকেই প্রধান অবলম্বন করে। সমাজের যাঁদের আলো ছড়ানোর কথা, সেই চিন্তাশীলদের বড় অংশ নিজের মত, আদর্শ ও পাণ্ডিত্যের অহমিকা প্রকাশ করতে গিয়ে অন্য মত, আদর্শ ও ব্যক্তি সম্পর্কে বিষোদ্গার করেন এবং তুচ্ছ-তাচ্ছিল্য করে বক্তব্য দেন। সামাজিক যোগাযোগমাধ্যমে সেসব বক্তব্য রীতিমতো ভাইরাল হয়। ফেসবুকের পাতায় ভেসে আসা মানুষের কথাগুলোয় তো বেশির ভাগই থাকে বিষ, ক্রোধ আর অপরকে ঘায়েল করার মন্ত্রে ভরা। টিকটকের ভিডিওর মাধ্যমে অশ্লীলতা সংক্রামক ব্যাধির মতো ছড়াচ্ছে। নাটক-সিনেমাগুলো পরিবারের সদস্যরা একসঙ্গে বসে দেখা যায় না। সংসদে দাঁড়িয়ে রাজনীতিবিদেরা এক দল আরেক দল সম্পর্কে যে বক্তব্য দেন, তার বেশির ভাগই থাকে বিষে ভরা। সময় সময় তা অশ্লীলতার চূড়ান্ত সীমায় পৌঁছায়। টক শোগুলোতেও দেখা যায় একই চিত্র। প্রচারমাধ্যমগুলোও এ ক্ষেত্রে পিছিয়ে নেই। তাহলে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অশ্লীল স্লোগানের জন্য কি এককভাবে দায়ী? এ প্রশ্নের উত্তর আমাদের সবাইকেই খুঁজতে হবে। কেবল তা-ই নয়, দায়ও নিতে হবে।

এ থেকে উত্তরণের কার্যকর উপায় বের করতে হবে। প্রথম দায়িত্ব পরিবারকে নিতে হবে। তারপর সমাজ, শিক্ষাপ্রতিষ্ঠান, রাষ্ট্র সবার দায়। ধর্মীয় বক্তা, রাজনীতিবিদ, শিক্ষক, কবি-সাহিত্যিক-চিন্তাশীল ব্যক্তি সবাইকে সম্প্রীতি, সৌহার্দ্য আর সুরুচির বিস্তার ঘটাতে হবে।

নিজ মতের প্রতি দায়বদ্ধ থেকে ভিন্নমতকে শ্রদ্ধা করতে হবে। শিক্ষার্থীদের বাণিজ্য-মানবিক-বিজ্ঞান-প্রযুক্তির শিক্ষার সঙ্গে নৈতিক শিক্ষা ও ধর্মের প্রকৃত শিক্ষা দিতে হবে। ধর্ম, সমাজ, রাজনীতি, সংস্কৃতি সব ক্ষেত্রে যুগ যুগ ধরে চলে আসা মূল্যবোধগুলো সমুন্নত রাখতে হবে। সর্বোপরি আপনি আচরি বচন অপরকে তথা নতুন প্রজন্মকে শেখাতে হবে।

লেখক: অধ্যাপক, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

তিন রাজ্যে বিভক্ত ফোবানার সম্মেলন সমাপ্তি








প্রথম পৃষ্ঠার পর এদিকে বিভক্ত ফোবানার তিনটি সম্মেলনের স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক আগামী বছরও পৃথক তিনটি স্থানে ৪০তম ফোবানা সম্মেলন আয়োজনের সিদ্ধান্ত হয়েছে। আটলান্টা সম্মেলন থেকে আগামী বছরের (২০২৬) সম্মেলন ক্যালিফোর্নিয়ার লস এঞ্জেলেসে এবং ২০২৭ সালের সম্মেলনের জন্য টেক্সাসের হিউস্টন আর মন্ট্রিয়ল সম্মেলন থেকে আগামী সম্মেলন (২০২৬) ফ্লোরিডায় হবে বলে ঘোষণা করা হয়েছে।

অপরদিকে নায়াগ্রা ফলস সম্মেলনের স্টিয়ারিং কমিটির সভায় নতুন কমিটি (আংশিক) গঠন করা হলেও আগামী বছর সম্মেলনের নতুন ভেন্যু কোথায় হবে বা আয়োজক সংগঠন হবে কোন সংগঠন সে ব্যাপারে কোন সিদ্ধান্ত হয়নি। ২০২৬ সালের ফোবানা সম্মেলনের ভেন্যুর বিষয়ে নতুন কমিটি পরবর্তীতে সিদ্ধান্ত নেবে। নায়াগ্রায় অনুষ্ঠিত ৩৯তম ফোবানা কনভেনশনের স্টিয়ারিং কমিটির সভায় আগামী ২০২৬-২০২৭ সালের জন্য গিয়াস আহমেদ চেয়ারম্যান, ফিরোজ আহমেদ এক্সিকিউটিভ মেম্বার সেক্রেটারী, কাজী সাখাওয়াত হোসেন আজম সিনিয়র ভাইস চেয়ারম্যান, শাহাব উদ্দিন সাগর জয়েন্ট এক্সিকিউটিভ মেম্বার সেক্রেটারী এবং ওয়াহিদ কাজী এলিন ট্রেজারার নির্বাচিত হয়েছেন। স্টিয়ারিং কমিটির প্রথম সদস্য পদাধিকার বলে সদ্য বিদায়ী চেয়ারম্যান শাহ নেওয়াজ। নতুন কমিটির নির্বাচিত ছয় জন এবং তিন জন সাবেক চেয়ারম্যান যথাক্রমে মোহাম্মদ হোসেন খান, আলী ইমাম, ডা. মাসুদুর রহমান ও সদ্য বিদায়ী চেয়ারম্যান শাহ নেওয়াজ মিলে পূর্নাঙ্গ স্টিয়ারিং কমিটি গঠন এবং পরবর্তী কনভেনশনের স্থান পরে ঘোষণা করবেন বলে শাহাব উদ্দীন সাগর জানিয়েছেন।

উল্লেখ্য, উত্তর আমেরিকা প্রবাসী বাংলাদেশীদের এক ছাতার নীচে ঐক্যবদ্ধ করার লক্ষ্যে ১৯৮৭ সালে অরাজনৈতিক সামাজিক সংগঠন 'ফোবানা' প্রতিষ্ঠা হয়। বৃহৎ এই সংগঠনটি তার কর্মকান্ডের মাধ্যমে দেশ ও প্রবাসের একটি 'আইকনিক' সংগঠনে পরিণত হলেও পরবর্তীতে নেতৃবৃন্দের ব্যক্তিগত ইগো, রাজনৈতিক মতপার্থক্য সহ ফোবানা গঠনতন্ত্র না মানার কারণে সংগঠনটি বিভক্ত হয়ে পড়ে। আর বিভক্তির ফলে ফোবানা হারিয়েছে তার ঐতিহ্য। সাধারণ প্রবাসীদের একটিই দাবী যেকোন মূল্যে ঐক্যবদ্ধ ফোবানা।

নায়াগ্রা ফলস ফোবানা: নায়াগ্রা ফলস থেকে বিশেষ প্রতিনিধি জানান, নিউইয়র্কের নায়াগ্রা ফলসের 'শেরাটন নায়াগ্রা ফলস'-এ শুক্রবার (২৯ আগষ্ট) এই সম্মেলন উদ্বোধন করেন বাংলাদেশ থেকে আগত অধ্যাপক ড. সলিমুলাহ্লাহ খান। এ সম্মেলনে যোগ দেন নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেটের কনসাল জেনারেল মুহাম্মদ মোজাম্মেল হক ও ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাসের প্রেস মিনিস্টার গোলাম মর্তুজা। উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ফোবানা স্টিয়ারিং কমিটির চেয়ারম্যান শাহ নেওয়াজ। সঞ্চালনায় ছিলেন সদস্য সচিব কাজী আজম। সম্মেলনের বিভিন্ন পর্বে আমন্ত্রি অতিথি ছাড়াও ফোবানার কর্মকর্তা গিয়াস আহমেদ, আলী ইমাম মজুমদার, আবু জোবায়ের দারা, মইনুল হক চৌধুরী হেলাল ও ফিরোজ আলম শুভেচ্ছা বক্তব্য রাখেন। এই সম্মেলনের সাংস্কৃতিক অনুষ্ঠানের মূল আকর্ষণ ছিলেন বাংলাদেশের জনপ্রিয় সঙ্গীত শিল্পী আসিফ আকবর, আতিয়া আনিসা ও রেশমী মির্জা। এছাড়াও প্রবাসের জনপ্রিয় শিল্পীদের মধ্যে রানো নেওয়াজ, শাহ মাহবুব, কামরুজ্জামান বকুল, অনিক রাজ প্রমুখ সঙ্গীত পরিবেশন করেন। উপস্থাপনায় ছিলেন সোনিয়া সিরাজ।

আটলান্টা ফোবানা: আটলান্টা থেকে হেলাল উদ্দীন রানা জানান, জর্জিয়া অঙ্গরাজ্যের লেফটেন্যান্ট গভর্নর বার্ট জোনস বলেছেন, শুধু জর্জিয়াতেই নয়, সর্বত্রই বাংলাদেশীরা একটি গুরুত্বপূর্ণ ও সম্ভাবনাময় কমিউনিটি। ফোবানার মাধ্যমে 'গ্যাস সাউথ কনভেনশন সেন্টার'-এ বাংলাদেশীদের যে সমাবেশ ঘটেছে তা এ কমিউনিটির ঐক্য ও সংহতির প্রমাণ বহন করে। শনিবার (৩০ আগষ্ট) সকালে শুরু হওয়া ফোবানা সম্মেলনের








বিজনেস নেটওয়ার্ক পর্বে এসব কথা বলেন তিনি। বিজনেস নেটওয়ার্ক লাঞ্চে সভাপতিত্ব করেন হোস্ট কমিউনিটির চেয়ারপার্সন ডিউক খান। এসময় বক্তব্য রাখেন আবীর আলমগীর, মোহাম্মদ আলমগীর, মাহবুবুর রহমান ভুইয়া ও নাহিদুল খান সাহেল। আলোচনা পর্বে আরও মতবিনিময় করেন ফোবানা লোকাল কমিটির প্রেসিডেন্ট ডিউক খান, ওয়াশিংটন ডিসিতে বাংলাদেশ দূতাবাসের চার্জ দ্য অ্যাফেয়ার্স ডিএম সালাউদ্দিন মাহমুদ, মায়ামির কনসাল জেনারেল মিস সেহেলি সাবরিন, জর্জিয়া স্টেট সিনেটর গেইভ ওকিই, ষ্টেট সিনেটর শেখ রহমান, ফোবানার সাবেক চেয়ারম্যান রেহান রেজা, ব্যবসায়ী ও শিল্পপতি গোলাম ফারুক ভুইয়া, ফোবানা'র সিনিয়র কো-কনভেনর কাজী নাহিদ, চীফ কো-অর্ডিনেটর এম মৌলা দিলু, কাব্য জলসা ও সাহিত্য সভা কমিটির চেয়ারম্যান আবু লিয়াকত হুসেন প্রমুখ।

এর আগে লেফটেন্যান্ট গভর্নর ফোবানা সম্মেলনের প্রধান মঞ্চ এবং বিভিন্ন হল জুড়ে ছড়িয়ে থাকা স্টল ঘুরে দেখেন। তিনি আয়োজকদের কাছ থেকে তথ্য সংগ্রহ করেন এবং অভিবাদন বিনিময় করেন।

'বাংলা ধারা' আয়োজিত তিন দিনব্যাপী এ ফোবানা সম্মেলন শুক্রবার শুরু হয়। রোববার (৩১ আগষ্ট) সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে এর সমাপ্তি ঘটে। অংশগ্রহণকারীদের মতে, সাম্প্রতিক সময়ের সবচেয়ে জমজমাট ফোবানা আয়োজন এটি।

ব্যবসায়ী ও শিল্পপতি গোলাম ফারুক ভুইয়া বলেন, এ সম্মেলনের প্রাণচাঞ্চল্য ও ব্যাপক উপস্থিতি প্রমাণ করে বাংলাদেশী কমিউনিটি উত্তর আমেরিকায় কতটা শক্তিশালী হয়ে উঠেছে।

ফোবানার সাবেক আহ্বায়ক নার্গিস আহমেদ জানান, উত্তর আমেরিকায় বাংলাদেশীদের ঐক্য ও অংশগ্রহণ সবসময়ই অনুপ্রেরণার উৎস।

এবারের ফোবানা উপলক্ষে যুক্তরাষ্ট্রজুড়ে বাংলা সংবাদমাধ্যমের সম্পাদক ও সাংবাদিকসহ প্রায় দুই ডজন মিডিয়া ব্যক্তিত্ব সমবেত হয়েছেন আটলান্টায়। ফলে লেবার ডে উইকেন্ডে পুরো আটলান্টা শহর হয়ে উঠেছে বাংলাদেশীময়।

কাব্যজলসা: আটলান্টায় অনুষ্ঠিত হলো ফোবানার বর্ণাঢ্য কাব্যজলসা। কবিতা পাঠ, বক্তব্য আর সাহিত্যচর্চার উচ্ছ্বাসে ভরে উঠেছিল পুরো আয়োজন। এতে সভাপতিত্ব করেন কবি ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব আবু লিয়াকত হোসেন। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন রিজোয়ান আহমেদ হৃদয়। কাব্যজলসার প্রধান অতিথি ছিলেন কবি ও বাচিক শিল্পী ড. ভাস্কর বন্দোপাধ্যায়। তিনি বলেন, প্রবাসের মাটিতেও কবিতা মানুষের হৃদয়ে নতুন বীজ বোনে। কাব্যই পারে ভিন্ন সংস্কৃতিকে একত্র করতে।

আলোচনা করেন, বক্তব্য রাখেন এবং কবিতা পাঠে অংশ নেন রাশেদ চৌধুরী, মৃদুল রহমান, জুয়েল সাদাত, কৃষন রয়, পংকজ কুমার, হেলাল উদদীন রানা, জাফরিন ফরিদ, সোহানা তুলি, সেলিনা মলি, ইকবাল এমদাদ জুয়েল, জুনায়েদ আকতার, আনিস আহমেদ, জাকিয়া তৌফিক, নাসিম জাফর, সরোয়ার কামাল,কাকলি বিশ্বাস, মাহমুদ মোরশেদ আনোয়ার, মোস্তাফিজুর রহমান, নাহিদ শারমিন, আবীর আলমগীর, সুমিত্রা পন্ডিত, ফাহমিদা হোসেন শম্পা, তামান্না জেসমিন এবং ওমর কায়সার। প্রত্যেকে কবিতার ভূমিকায় ব্যক্তিগত অনুভূতি আর সাহিত্য ভাবনার কথা তুলে ধরেন।

এক পর্যায়ে একে একে শুরু হয় কবিতা পাঠ। প্রবাসী জীবনের টানাপোড়েন, জন্মভূমির স্মৃতি, ভালোবাসা, মানবতা আর সমকালীন সমাজ নিয়ে আবৃত্তি করেন কবি-লেখকরা। মুগ্ধ শ্রোতারা বারবার করতালি দিয়ে কবিদের উজ্জীবিত করেন। অনুষ্ঠান শেষে আবু লিয়াকত হোসেন বলেন, 'ফোবানার কাব্যজলসা শুধু কবিতা নয়, এটি প্রবাস জীবনে আমাদের সংস্কৃতির শিকড়কে ধরে রাখার এক মহোৎসব।'

প্রবাসের মাটিতে কবিতা ও সাহিত্যের এমন প্রাণোচ্ছল আসর একে অপরকে আরও কাছাকাছি এনে দিলো এমন মন্তব্য করেন অনেক উপস্থিত সাহিত্যপ্রেমী। কাব্য জলসা অনুষ্ঠানে তিনটা বইয়ের মোড়ক উন্মোচন করা হয়।

আটলান্টা ফোবানায় প্রবাসীদের প্রাণবন্ত উচ্ছ্বাস: অপরদিকে আটলান্টা থেকে জুয়েল সাদাত জানান, শুক্রবার সন্ধ্যায় শুরু হওয়া আটলান্টা ফোবানা তিনদিনের প্রবাসী বাংলাদেশীদের নন-প্রফিট কনভেনশন হিসেবে রূপান্তরিত হয়েছে। ২৮টি স্টেট থেকে ৮৭টি সদস্য সংগঠনের প্রতিনিধি এই মিলনমেলায় অংশগ্রহণ করেছেন। বিশেষ করে তরুণদের সক্রিয় উপস্থিতি এবারের ফোবানাকে আরও প্রাণবন্ত করেছে।

ফোবানা ৩৯ বছর ধরে প্রবাসে বাংলাদেশের সংস্কৃতি, ইতিহাস ও ঐতিহ্যকে প্রমোট করে আসছে। কনভেনর নাহিদুল খান সাহেল বলেন, আমরা সর্বাত্মক চেষ্টা করেছি, কমিউনিটির সহযোগিতাও পেয়েছি। মেম্বার সেক্রেটারী মাহবুব ভুইয়া বলেন, 'কনভেনশনের মধ্যেই আমরা, আশা করি সবাই অনুষ্ঠান উপভোগ করছেন।

সিনিয়র কো-কনভেনর কাজী নাহিদ যোগ করেন, 'ছোটখাট সমস্যা আমরা ঠিক করেছি, সব কিছুই ভালোভাবে চলছে। নিউইয়র্কের ফোবানা সংগঠক নার্গিস সুলতানা বলেন, 'আটলান্টা ফোবানা চমৎকার আবহাওয়ায় উপভোগ করা যাচ্ছে।

ওরল্যান্ডোর প্রতিনিধি বাবুল হাই জানান, ফোবানা মূলত মিলনমেলা। বছরে একবার আমরা একত্রিত হই। মায়ামির মিম খান বলেন, ফোবানা মানেই জমজমাট কমিউনিটি গেটটুগেদার। সবই দৃশ্যমান। নিউইয়র্কের পুলক মাহমুদ বলেন, ফোবানা শুধু গান-সঙ্গীত নয়, এটি বাংলাদেশের সুনাম বিশ্বে ছড়াচ্ছে।

ফোবানা'র নব নির্বাচিত এক্সিকিউটিভ সেক্রেটারী শিকাগোর খালেদ আহমদ রউফ জানান, ফোবানা ৩৯ বছর ধরে উত্তর আমেরিকার কমিউনিটিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। আটলান্টা কনভেনশন বহুমাত্রিকভাবে সফল হয়েছে।

মিশিগানের জাবেদ চৌধুরী বলেন, প্রথম দিনের অনুষ্ঠানগুলো চমৎকার ছিল, সব কিছুই ভালোভাবে হচ্ছে। ডালাসের হাসমত মোবিন যোগ করেন, ফোবানা দিন দিন প্রসারিত হচ্ছে। নতুন প্রজন্মের হাতে এ উদ্যোগ এগোচ্ছে। ভার্জিনিয়ার সামসুদ্দিন বলেন, ইউথদের অংশগ্রহণ আমাদের জন্য অনুপ্রেরণার। সব কিছুই চমৎকার হয়েছে।

ফোবানার দ্বিতীয় দিনে ইউথদের জন্য সেমিনার আয়োজন করা হয়। খালেদ মহিউদ্দিনের সেমিনার এবং গণমাধ্যম স্বাধীনতা নিয়ে আলোচনা সেশন দর্শকপ্রিয় হয়ে ওঠে।

খাবার ও কাপড়ের স্টলে ছিল উপচে পড়া ভিড়। দেশীয় কাপড়ের ব্র্যান্ড 'টুয়েলভ' নিয়ে উপস্থিত অভিনেতা ও আবৃত্তিকার টনি ডায়াস বলেন, 'প্রবাসীরা বিদেশি কাপড় বেশি কিনছেন। দেশীয় কাপড়ের প্রচার করা উচিত।'

বিকেল ৪টায় শুরু হওয়া কাব্য জলসাতেও দর্শক উপচে পড়ে। শতাধিক কবির অংশগ্রহণে আটলান্টার সাহিত্যপ্রেমীরা অনুষ্ঠানটি উপভোগ করেন। ফোবানার দ্বিতীয় দিন সকাল থেকেই কনভেনশন জমজমাট হয়ে ওঠে।

মন্ট্রিয়ল ফোবানা: মন্ট্রিয়ল থেকে বিশেষ প্রতিনিধি জানান, *১৭-এর পৃষ্ঠায় দেখুন*

ভারতকে কাঁদিয়ে বাংলাদেশের জয়



বাংলাদেশ ৪ : ৩ ভারত

ক্রীড়া ডেস্ক: ইশ্, সেদিন ভুটানের সঙ্গে যদি এভাবে খেলা যেত! বাংলাদেশের এখন এমন আফসোস হতেই পারে। কিন্তু আর আফসোস করে কী হবে। সাফ অনূর্ধ্ব-১৭ নারী চ্যাম্পিয়নশিপে নিজেদের পঞ্চম ম্যাচে ভুটানের সঙ্গে ড্র করায় শিরোপার স্বপ্ন শেষ হয়ে যায় মেয়েদের। আজ চ্যাম্পিয়ন ভারতকে ৪-৩ গোলে হারিয়ে সেই আফসোসটা যেন আরও বাড়িয়েছে মাহবুবুর রহমানের দল।

থিম্পুর চাংলিমিথাং স্টেডিয়ামে আজ নির্ভার ফুটবলই খেলেছে বাংলাদেশ। শিরোপা নিশ্চিত হওয়ার পরও নিজেদের সেরা একাদশই নামিয়েছে ভারত। ম্যাচ শুরুর ২৫ সেকেন্ডের মধ্যেই এগিয়ে যায় বাংলাদেশ। মামনি চাকমার লম্বা ক্রসে মাথা ঠুকেই উদ্‌যাপনে মাতেন পূর্ণিমা মারমা।

৯ মিনিটে বাংলাদেশের অগোছালো রক্ষণের সুযোগ কাজে লাগিয়ে ম্যাচে সমতা ফেরান ভারতের আনুশকা কুমারী। তবে এই সমতা বেশিক্ষণ ধরে রাখতে পারেনি ভারত। ৩৪ মিনিটে প্রতিপক্ষ গোলকিপারের হাত ছুঁয়ে আসা বল নিখুঁত শটে জালে জড়ান আলপি আক্তার। ৪৮ মিনিটে বাঁ প্রান্ত ধরে আক্রমণে ওঠে বাংলাদেশ। ভারতের হাইলাইন ডিফেন্সের ফাঁক গলে বল সোজা বক্সের ওপর, সেখান থেকে চমৎকার শটে স্কোরলাইন ৩-১ করেন সৌরভী আকন্দ। যেটা এ টুর্নামেন্টে তাঁর ষষ্ঠ গোল।

দুই গোলে এগিয়ে থাকার পরও রক্ষণ নিয়ে ভয়ে ছিল বাংলাদেশ। আর সেই সুযোগটাই খুঁজে নেয় ভারত। ৬৫ মিনিটে নিজেদের অর্ধ থেকে পাওয়া লং শট বাংলাদেশের গোলকিপারের মাথার ওপর দিয়ে জালে পাঠান পৃতিকা বর্মণ। ৮৮ মিনিটে তৃতীয় গোলও হজম করে বাংলাদেশ।

কিন্তু যোগ করা সময়ের পঞ্চম মিনিটে বাংলাদেশের সৌরভীর শট আটকাতে গিয়ে বলের নাগাল পাননি ভারতের গোলকিপার মুন্নি। প্রথম চেষ্টায় ব্যর্থ হওয়ার পর দ্বিতীয় চেষ্টায় বল টেনে বের করার পথে সতীর্থ খেলোয়াড়ের পায়ে লেগে বল জালে চলে যায়। তবে রেফারি গোলটি দিয়েছেন সৌরভীকেই। যা টুর্নামেন্টে তাঁর সপ্তম। ম্যাচ হেরে চোখের জল ধরে রাখতে পারেননি ভারতের ফুটবলাররা। তাঁদের কান্না যেন জানান দেয়, চ্যাম্পিয়ন হলেও এভাবে হারতে চায়নি তারা। তা ছাড়া এই টুর্নামেন্টে এটাই তাদের প্রথম হার।

গত শুক্রবার স্বাগতিক ভুটানের সঙ্গে ১-১ গোলে ড্র করায় শিরোপা জয়ের সুযোগটা হাতছাড়া হয়ে যায় বাংলাদেশ দলের। দিনের অন্য ম্যাচে নেপালকে ৫-০ গোলে হারিয়ে এক ম্যাচ হাতে রেখেই চ্যাম্পিয়ন হয় ভারত। ছয় ম্যাচ শেষে ভারতের পয়েন্ট ১৫, বাংলাদেশের ১৩।

২০১৭ থেকে এখন পর্যন্ত বাংলাদেশের নারী ফুটবলে ৯ শিরোপার ৭টিই এসেছে বয়সভিত্তিক পর্যায়ে। শুধু অনূর্ধ্ব-১৭ বিভাগের সাফ শিরোপাটাই জেতা হয়নি বাংলাদেশের। এবারের আগে ২০২৩ সালে অনূর্ধ্ব-১৭ সাফেও রানার্সআপ হয়েছিল বাংলাদেশ। চ্যাম্পিয়ন হয়েছিল আমন্ত্রিত দল রাশিয়া।

এশিয়া কাপের সূচিতে পরিবর্তন

ক্রীড়া ডেস্ক: এশিয়ান ক্রিকেট কাউন্সিল (এসিসি) আসন্ন এশিয়া কাপের ম্যাচের সময় কিছুটা পরিবর্তণ করেছে। আবহাওয়া পরিস্থিতি ও সমর্থকদের সুবিধার কথা বিবেচনা করে আগের সময় থেকে আধা ঘন্টা পিছিয়ে ম্যাচগুলো অনুষ্ঠিত হবে।

এসিসি জানিয়েছে সংযুক্ত আরব আমিরাতে ম্যাচগুলো পরিবর্তিত সূচী অনুযায়ী স্থানীয় সময় সন্ধ্যা ৬.৩০ মিনিটে অর্থাৎ বাংলাদেশ সময় সাড়ে আটটায় শুরু হবে। আগের সূচীতে সন্ধ্যা ৬.০০টায় ম্যাচ শুরুর কথা ছিল। শুধুমাত্র ১৫ সেপ্টেম্বর একই দিন দুটি ম্যাচ অনুষ্ঠিত হবে। আবুধাবীতে প্রথম ম্যাচটি স্থানীয় সময় বিকেল সাড়ে চারটায় অনুষ্ঠিত হবে, মুখোমুখি হবে স্বাগতিক আরব আমিরাত ও ওমান।

এসিসির বিবৃতিতে বলা হয়েছে কন্ডিশন বিবেচনায় পরিবর্তিত সময় খেলোয়াড় ও সমর্থক উভয়ের জন্যই সুবিধাজনক হয়েছে।

টি২০ ফর্মেটের এবারের আসরে আটটি দল দুই গ্রুপে বিভক্ত হয়ে অংশ নিচ্ছে। গ্রুপ-এ'তে রয়েছে পাকিস্তান, ভারত, সংযুক্ত আরব আমিরাত ও ওমান। গ্রুপ-বি'তে রয়েছে শ্রীলংকা, বাংলাদেশ, আফগানিস্তান ও হংকং। আট দলের এই টুর্নামেন্ট ৯ সেপ্টেম্বর থেকে শুরু হবে। উদ্বোধনী ম্যাচে আবু ধাবীতে মুখোমুখি হবে আফগানিস্তান ও হংকং।

এশিয়া কাপে সূচী:

৯ সেপ্টেম্বর : আফগানিস্তান বনাম হংকং
১০ সেপ্টেম্বর : ভারত বনাম আরব আমিরাত
১১ সেপ্টেম্বর : বাংলাদেশ বনাম হংকং
১২ সেপ্টেম্বর : পাকিস্তান বনাম ওমান
১৩ সেপ্টেম্বর : বাংলাদেশ বনাম শ্রীলংকা
১৪ সেপ্টেম্বর : ভারত বনাম পাকিস্তান
১৫ সেপ্টেম্বর : আরব আমিরাত বনাম ওমান
১৫ সেপ্টেম্বর : শ্রীলংকা বনাম হংকং
১৬ সেপ্টেম্বর : বাংলাদেশ বনাম আফগানিস্তান
১৭ সেপ্টেম্বর : পাকিস্তান বনাম আরব আমিরাত
১৮ সেপ্টেম্বর : শ্রীলংকা বনাম আফগানিস্তান
১৯ সেপ্টেম্বর : ভারত বনাম ওমান

সুপার ফোর পর্ব:

২০ সেপ্টেম্বর : বি১ বনাম বি২
২১ সেপ্টেম্বর : এ১ বনাম এ২
২৩ সেপ্টেম্বর : এ২ বনাম বি১
২৪ সেপ্টেম্বর : এ১ বনাম বি২
২৫ সেপ্টেম্বর : এ২ বনাম বি২
২৬ সেপ্টেম্বর : এ১ বনাম বি১



মাঠে ডিম পেড়েছে পাখি, খেলা বন্ধ এক মাস

অস্ট্রেলিয়ায় এক বিরল ঘটনায় খেলার মাঠ বন্ধ ঘোষণা করেছে স্থানীয় প্রশাসন। কারণ–মাঠের ঠিক মাঝখানে একটি প্লোভার পাখি ডিম পেড়েছে। ফলে মাঠে সব ধরনের খেলা অন্তত এক মাসের জন্য স্থগিত করা হয়েছে। ক্যানবেরা থেকে প্রায় ২০ মিনিট দূরে অবস্থিত জেরাবম্বেরা রিজিওনাল স্পোর্টস কমপ্লেক্সে ঘটনাটি ঘটে। ফুটবল খেলতে আসা খেলোয়াড়রা প্রথমে মাঠের মাঝ বরাবর ডিম দেখতে পান। এরপর ম্যাচ সরিয়ে নেওয়া হয় পাশের আরেকটি মাঠে। বন্যপ্রাণী বিশেষজ্ঞরা জানিয়েছেন, প্লোভার প্রজাতির পাখি ডিম দেওয়ার পর অত্যন্ত আক্রমণাত্মক হয়ে ওঠে। হঠাৎ ঝাঁপিয়ে পড়ে তারা বাসার কাছাকাছি কাউকে ঘেঁষতে দেয় না। এ কারণে দর্শক ও খেলোয়াড়দের নিরাপত্তার বিষয়টি মাথায় রেখেই মাঠ বন্ধের সিদ্ধান্ত নেওয়া হয়।

দক্ষিণ আফ্রিকায় ২০২৭ বিশ্বকাপ

৮ ভেন্যুতে ৪৪ ম্যাচ! টুর্নামেন্টে গড়াবে মোট ৫৪টি ম্যাচ। যেখানে দক্ষিণ আফ্রিকা একাই আয়োজন করবে ৪৪টি ম্যাচ। বাকি ১০টি ম্যাচ অনুষ্ঠিত হবে জিম্বাবুয়ে ও নামিবিয়ায়। দুই বছরের বেশি সময় বাকি থাকলেও আগেভাগেই সারছে প্রস্তুতি। ইতোমধ্যে সাজিয়ে ফেলেছে বিশ্বকাপের পরিকল্পনাও। আবারও আফ্রিকা মহাদেশে ফিরছে ওয়ানডে বিশ্বকাপ। দীর্ঘ ২৪ বছর পর ২০২৭ সালে অনুষ্ঠিত হতে যাওয়া ৫০ ওভারের ক্রিকেট বিশ্বকাপ আয়োজনের আনুষ্ঠানিক প্রস্তুতি ঘোষণা করল ক্রিকেট সাউথ আফ্রিকা (সিএসএ)।গতপরশু রাতে এক বিবৃতিতে প্রতিষ্ঠানটি জানিয়েছে, ইতোমধ্যেই একটি স্থানীয় আয়োজক কমিটি গঠন করা হয়েছে। এই কমিটির নেতৃত্বে থাকছেন দক্ষিণ আফ্রিকার সাবেক অর্থমন্ত্রী ট্রেভর ম্যানুয়েল। *–ক্রীড়া ডেস্ক*

যুক্তরাষ্ট্রে গ্রিনকার্ডের আবেদনে বড় পরিবর্তনের ইঙ্গিত

প্রথম পৃষ্ঠার পর

কঠোর করার একটি বৃহত্তর উদ্যোগের অংশ।

গ্রিনকার্ডের বিষয়ে বাণিজ্যমন্ত্রী হাওয়ার্ড লুটনিক ফক্স নিউজকে বলেছেন, বর্তমান গ্রিন কার্ড প্রক্রিয়ায় তুলনামূলক কম আয়ের অভিবাসীরাই বেশি সুযোগ পাচ্ছেন। তাঁর দাবি, গড়ে একজন আমেরিকান নাগরিক বছরে যেখানে ৭৫ হাজার ডলার আয় করেন, সেখানে গ্রিন কার্ডধারীর গড় আয় দাঁড়ায় ৬৬ হাজার ডলার। তিনি প্রশ্ন তোলেন, 'কম আয়ের মানুষ কেন এত সুযোগ পাবেন? আমরা সর্বোত্তম যোগ্যতাসম্পন্ন মানুষদের বেছে নিতে চাই।'

লুটনিক জানান, ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন গ্রিন কার্ড ব্যবস্থাকে 'মেরিট-ভিত্তিক' করতে যাচ্ছে। অর্থাৎ, পারিবারিক সম্পর্ক বা লটারি পদ্ধতির পরিবর্তে উচ্চ আয়ের ও দক্ষ আবেদনকারীরা অগ্রাধিকার পাবেন।

এ ছাড়া 'গোল্ড কার্ড' পরিকল্পনার কথাও বলেন লুটনিক। এর মাধ্যমে

অ্যাডামস-কুওমো

প্রথম পৃষ্ঠার পর

ঘোষণা দিয়েছেন সেখানে।

সাবেক গভর্নর ও মেয়র প্রার্থী অ্যান্ড্রু কুওমো জানিয়েছেন ব্রঙ্কসে এসব সহিংসতা ঠেকাতে কমপক্ষে ৫ হাজার পুলিশ মোতায়েন প্রয়োজন।

তবে ডেমোক্র্যাট প্রার্থী জোহরান মামদানি বলছেন, কেবল পুলিশ নয়–সহিংসতা ঠেকাতে দরকার কমিউনিটি কর্মসূচি, সচেতনতা ও অস্ত্র নিয়ন্ত্রণে কেন্দ্রীয় উদ্যোগ।

বিদেশি নাগরিকেরা যুক্তরাষ্ট্রে অন্তত ৫০ লাখ ডলার বিনিয়োগ করলে স্থায়ী আবাসিক মর্যাদা পাবেন। উচ্চ সম্পদশালী বিনিয়োগকারীদের আকর্ষণ করারই এই পরিকল্পনার লক্ষ্য।

একই সঙ্গে এইচ-১বি ভিসা ব্যবস্থাতেও সংস্কার আনা হবে। বর্তমানে বিশেষায়িত ক্ষেত্রে কাজের জন্য বিদেশি পেশাজীবীদের এই ভিসা দেওয়া হয় এবং তা লটারির মাধ্যমে বণ্টিত হয়। নতুন প্রস্তাবে লটারির পরিবর্তে আয়ের ভিত্তিতে ধাপভিত্তিক ব্যবস্থা চালুর কথা ভাবা হচ্ছে। এতে উচ্চ বেতনের আবেদনকারীরা অগ্রাধিকার পাবেন।

আগামী কয়েক মাসের মধ্যেই হোয়াইট হাউস থেকে এসব পরিবর্তন নিয়ে বিস্তারিত ঘোষণা আসবে বলে ধারণা করা হচ্ছে।

তবে সমালোচকেরা বলছেন, এই ধরনের পদক্ষেপ মধ্য ও নিম্ন আয়ের অভিবাসীদের সুযোগ সীমিত করবে। অথচ তারাই দীর্ঘদিন ধরে আমেরিকার সমাজ ও অর্থনীতিতে অবদান রাখছেন। বাইডেন প্রশাসনের সময়ে মার্কিন নাগরিকত্ব ও অভিবাসন পরিষেবার জ্যেষ্ঠ কর্মকর্তা ডাগ র‍্যান্ড বলেন, 'লুটনিক হয়তো এইচ-১বি (যা অস্থায়ী) আর গ্রিন কার্ড (যা স্থায়ী) এর পার্থক্য বুঝতে পারছেন না।'

অপরদিকে বিদেশী শিক্ষার্থী ও গণমাধ্যমকর্মীদের ভিসা প্রদানে প্রস্তাবিত নতুন নিয়ম অনুযায়ী, এফ ভিসা (আন্তর্জাতিক শিক্ষার্থী), জে ভিসা (সাংস্কৃতিক বিনিময় কর্মসূচির অংশগ্রহণকারী) ও আই ভিসার (গণমাধ্যমকর্মী) মেয়াদ নির্দিষ্ট করে দেওয়া হবে। বর্তমানে এ ভিসাগুলো একটি নির্দিষ্ট কর্মসূচির সময়কাল বা যুক্তরাষ্ট্রে কর্মসংস্থানের মেয়াদ পর্যন্ত বৈধ থাকে।

শিক্ষার্থী ও সাংস্কৃতিক বিনিময় ভিসার সময়সীমাও এ ভিসাগুলোর মেয়াদ চার বছরের বেশি হবে না। এর মধ্যে ঐচ্ছিক ব্যবহারিক প্রশিক্ষণও অন্তর্ভুক্ত থাকবে।

গণমাধ্যমকর্মীদের ভিসার সময়সীমা সাংবাদিকদের ভিসা, যা বর্তমানে কয়েক বছর পর্যন্ত স্থায়ী হতে পারে, তবে নতুন নিয়মে তা ২৪০ দিন পর্যন্ত সীমিত করা হবে। চীনা নাগরিকদের ক্ষেত্রে এ সময়সীমা হবে ৯০ দিন।

প্রস্তাবে আরও বলা হয়েছে, ভিসাধারীরা মেয়াদ শেষ হওয়ার পর বর্ধিত সময়ের জন্য আবেদন করতে পারবেন।

ট্রাম্প প্রশাসন জানিয়েছে, এ পরিবর্তন ভিসা হোল্ডারদের যুক্তরাষ্ট্রে থাকার সময় তাঁদের আরও ভালোভাবে 'পর্যবেক্ষণ ও তত্ত্বাবধান' করার জন্য প্রয়োজন। এ পদক্ষেপ ২০২০ সালে ট্রাম্পের প্রথম মেয়াদের শেষের দিকে আনা একটি প্রস্তাবনারই প্রতিচ্ছবি। তৎকালীন প্রেসিডেন্ট জো বাইডেনের ডেমোক্রেটিক প্রশাসন ২০২১ সালে এর বিরোধিতা করে এটি বাতিল করে দেয়।

এ ছাড়া বিভিন্ন শিক্ষা ও বিনিময় বিষয়ক সংগঠনও ২০২০ সালের প্রস্তাবটির বিরোধিতা করেছিল। বিশ্লেষকেরা বলছেন, এ নতুন নিয়ম শিক্ষার্থীদের জন্য অতিরিক্ত প্রশাসনিক ঝামেলা তৈরি করবে। পাশাপাশি উচ্চশিক্ষা খাতে বিদেশি শিক্ষার্থীদের আকর্ষণ করার ক্ষমতাকে ক্ষতিগ্রস্ত করতে পারে। চীনের পররাষ্ট্র মন্ত্রণালয় এ প্রস্তাবনার বিরোধিতা করে এটিকে 'নির্দিষ্ট দেশের প্রতি বৈষম্যমূলক আচরণ' হিসেবে আখ্যা দিয়েছে।

শিকাগো'র পর ট্রাম্প

প্রথম পৃষ্ঠার পর

কর্তৃপক্ষ কেবল সেইসব ক্ষেত্রে আইস (ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট) সঙ্গে কাজ করতে পারে, যেখানে অপরাধে দোষী সাব্যস্ত ব্যক্তিরা জড়িত। হোম্যান অভিযোগ তুলেছেন "এসব নিটি আইস'র সঙ্গে কাজ করতে অস্বীকার করছে। এর ফলে প্রতিদিনই জননিরাপত্তার জন্য হুমকি তৈরি করা ব্যক্তিরা ছাড়া পাচ্ছে। টেক্সাস বা ফ্লোরিডায় এই সমস্যা নেই, কারণ সেখানকার শেরিফরা আমাদের সঙ্গে পূর্ণ সহযোগিতা করছে।"

নিউইয়র্কে অভিবাসন আদালতের ভেতরে কিংবা বাইরে মুখোশধারী এজেন্টদের লুকিয়ে থেকে শরণপ্রার্থীদের গ্রেপ্তার করার ঘটনা আগেই বিতর্কের জন্ম দিয়েছে। গত জুনে এমন এক অভিযানে সিটি কম্পট্রোলার ব্র্যাড ল্যান্ডার নিজেও গ্রেপ্তার হয়েছিলেন, যা সিটিজুড়ে ক্ষোভ তৈরি করে।

মেয়র এরিক অ্যাডামস আইস'র অভিযান তীব্র করার খবরে প্রতিক্রিয়ায় বলেন, "আমাদের বার্তা পরিষ্কার, আমরা কোনোভাবেই নাগরিক অভিবাসন আইনের প্রয়োগে সহযোগিতা করি না। ফেডারেল এজেন্টরা সহিংস অপরাধী বা বিপজ্জনক অপরাধীদের টার্গেট করে, সে ক্ষেত্রে এনওয়াইপিডি এবং আমাদের অংশীদাররা আইনশৃঙ্খলা রক্ষায় সহায়তা করবে। কিন্তু সাধারণ মানুষকে লক্ষ্য করে অভিযানে আমরা কোনো সমর্থন দিই না।"

একই অবস্থান জানিয়েছেন গভর্নর ক্যাথি হোকুলও। তার মুখপাত্র ম্যাট জানিসজেউস্কি বলেন, "নিউইয়র্ক অঙ্গরাজ্য সব সময় ফেডারেল সংস্থার সঙ্গে কাজ করে গ্যাং সদস্য বা সহিংস অপরাধীদের ধরতে।

৭ মাসে ৩ হাজারের অধিক গ্রেপ্তার

প্রথম পৃষ্ঠার পর

জানুয়ারি থেকে জুলাই পর্যন্ত আইস প্রায় ৩ হাজার ৩০০ অভিবাসীকে গ্রেপ্তার করেছে, যা গত বছরের তুলনায় ৫৬ শতাংশ বেশি। এর মধ্যে অধিকাংশের কোনো অপরাধমূলক রেকর্ড নেই। ২৬ ফেডারেল প্লাজায় আদালতে হাজিরার সময় অনেককে আটক করা হয়েছে।

এ বছরের মধ্যে আগেই দেড় হাজারেরও বেশি অভিবাসীকে দ্রুত বহিষ্কার করা হয়েছে, যা গত বছরের তুলনায় তিনগুণ বেশি। মানবাধিকার কর্মীরা পরিস্থিতিকে 'দমনমূলক' বলে আখ্যা দিয়েছেন।

এক স্লিপ

শেষ পৃষ্ঠায় পর

বিব্রত হন হোটেল-রেস্তোরার মালিক-স্টাফরাও। তবে গেলো সপ্তাহে সহকর্মীদের আড্ডায় যারা ছিলেন- তাদের অনেকের মধ্যেই একটি প্রশ্ন লক্ষ্য করলাম। আর তা হলো চলতি সামার মওসুমে নিউইয়র্কে অনুষ্ঠানের শেষ নেই। অনুষ্ঠানগুলোতে লোকেরও অভাব হয় না। বন্ধুদের প্রশ্ন কমিউনিটির লোকগুলো এতো সময় পায় কোথায়? আমরা তো সময়ের সাথে দৌড়াই, অনেক সময় ফ্যামিলিকেও তো সময় দিতে পারি না। আবার শুনি 'আমেরিকান লাইফ, টাইম ইস মানি'। আমরা যারা আড্ডায় ছিলাম তারা হিসাব মিলাতে পারলাম না।

১০ আগষ্ট ২০২৫

ট্রু-ইকুইটি নাউ'র ভোটার রেজিস্ট্রেশন কার্যক্রম অব্যাহত



নিউইয়র্ক: আগামী ৪ নভেম্বর অনুষ্ঠিতব্য নিউইয়র্ক সিটির মেয়র নির্বাচনের পাশাপাশি সিটি ও ষ্টেটের বিভিন্ন পদের নির্বাচন ঘিরে অন্যান্য কমিউনিটির মতো বাংলাদেশী-আমেরিকান কমিউনিটিও সরব হয়ে উঠছে। বিশেষ করে কমিউনিটিকে সাথে নিয়ে মূলধারার রাজনীতিতে অবদান রাখার লক্ষ্যে নবগঠিত সংগঠন ট্রু ইকুইটি নাউ (টিন) ভোটার রেজিস্ট্রেশন কার্যক্রম চালিয়ে যাচ্ছে। চলতি আগষ্ট মাসের মাঝামাঝি সময় থেকে শুরু করে প্রতি সপ্তাহের শুক্রবার জুম্মার দিন বিভিন্ন মসজিদে এই কার্যক্রম চলছে।

টিন-এর ভোটার রেজিস্ট্রেশন কার্যক্রমের অংশ হিসেবে গত ২২ আগস্ট শুক্রবার বাদ জুমা কুইন্সের 'ওমর বিন আব্দুল আজিজ মসজিদে' ভোটার রেজিস্ট্রেশন কার্যক্রম পরিচালিত হয় হয়। এ সময় 'টিন' সংগঠনের সদস্যসহ স্থানীয় মুসল্লিরা সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন বলে সংশ্লিস্টরা জানান। 'টিন'-এর প্রতিষ্ঠাতা ও সভাপতি মুহাম্মদ কামরুল ইসলাম সনি, প্রতিষ্ঠাতা ও পরিচালক মুহাম্মদ রাকিবুল ইসলাম, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট জে মোল্লা সানি এবং তরুণ রাজনীতিক মাহতাব খান প্রমূখ এই কর্মসূচীতে অংশ নেন।



ওজনপার্ক ও ক্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কজলেন্ট এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.

(Operate by JH office)



বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
৩টি লেসন একত্রে
OPEN 7 DAYS
Please

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ রেট। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

Scan & Visit us!

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে থেমে হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নার্স পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Belle, Cross St & Pitkett St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্টাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
25 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

কমিউনিটিতে সব ধরনের ভুল বোঝাবুঝির অবসান চাই : শাহ নেওয়াজ

শেষ পৃষ্ঠায় পর 'সংঘবদ্ধ অপপ্রচার ও ভিত্তিহীন কুৎসার প্রতিবাদে কমিউনিটির স্বার্থে সংহতি' শীর্ষক সভায় স্বাগত বক্তব্যে শাহ নেওয়াজ পরস্পর বিরোধী সমালোচনা, ব্যক্তিগত আক্রমন আর কুৎসা রটনা না করে কমিউনিটির সবাইকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানিয়েছেন। তিনি সাম্প্রতিক সময়ের বিভিন্ন ঘটনা উল্লেখ করে বলেন, আসিফ বারী টুটুল একজন ব্যবসায়ী, আমিও ব্যবসায়ী, তিনি আমার ভাই, তিনি যে লায়ন ক্লাবের গভর্ণর, আমি সেই ক্লাবের ভাইস-গভর্নর। আমাদের পরনিন্দা, পরচর্চা মানায় না।

সভায় টাইম টিভি সিইও এবং বাংলা পত্রিকার সম্পাদক আবু তাহের ও সঙ্গীত শিল্পী রানো নেওয়াজ ছাড়াও বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সিনিয়র সহ সভাপতি মহিউদ্দিন দেওয়ান, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা'র সভাপতি বদরুল হোসেন খান, সোসাইটির ট্রষ্টিবোর্ড সদস্য আজহারুল হক মিলন ও ফখরুল ইসলাম দেলোয়ার, সাহিত্য সম্পাদক হাসান জিলানী, ড্রাম বিটসের সংগঠক কাজী ফৌজিয়া, সাংবাদিক শাহেদ আলম, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট জ্যাকব মিল্টন, কাজী আজম, বদরুদ্দোজা সাগর, জাহাঙ্গীর আলম জয় প্রমুখ বক্তব্য রাখেন। শাহ শহীদুল হকের পরিচালনায় সভার শুরুতে কোরআন থেকে তেলাওয়াত ও বিশেষ দোয়া মুনাজাত পরিচালনা করেন ইমাম কাজী কাইয়্যুম।

ব্যতিক্রমী এই সভায় কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ অপপ্রচার ও ভিত্তিহীন কুৎসা রটনার প্রতিবাদ জানান এবং এর অবসান কামনা করেন।

সভায় শাহ নেওয়াজ বাংলাদেশে তার শিক্ষা জীবন সব বর্ণাঢ্য ক্যারিয়ার, যুক্তরাষ্ট্রে তার সংগ্রামী জীবনসহ প্রতিষ্ঠিত হওয়ার স্মৃতিচারণ করেন। অনুষ্ঠানে শাহ নেওয়াজ আরো বলেন, আমরা চাই আমাদের কমিউনিটিতে সব ধরনের ভুল বোঝাবুঝির অবসান চাই। সব সমস্যার সমাধান করতে আমরা একসাথে বসতে চাই।

নিউইয়র্কে লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনাল ডিস্ট্রিক্ট ২০ (আর২) এর সেকেন্ড ভাইস-গভর্নর শাহ নেওয়াজ আক্ষেপ করে আরো বলেন, ২০২৪-২০২৫ এই দুই বছরের বাংলাদেশ সোসাইটি কেমন যেন বদলে গেছে। অন্যের পরিবার নিয়ে আমরা অনেক পরনিন্দায় অভ্যস্ত হয়ে পড়েছি। এই সব কথা আমরা আবার ফেসবুকেও লিখে দেই। এই অনধিকার চর্চার বিষয়টি কোথা থেকে আসলো আমার ঠিক বুঝে আসে না। আমি কখনো ফেসবুকে কোন কমেন্ট লিখি না। অথচ ফেসবুকে আমাকে নিয়ে এত কথা কেন হয় আমার ঠিক বুঝে আসেনা। তিনি আরো বলেন, তিন/চার জন লোকের কুৎসা রটনা বন্ধ করার জন্য আমাদের এই প্রতিবাদ সভা। আমরা কিন্তু তাদের বিরুদ্ধে নই। আমরা যেন মিলেমিশে থাকতে পারি সেজন্য এই সভার আয়োজন।

বিশিষ্ট ব্যবসায়ী আসিফ বারী টুটুল-কে তিনি বন্ধুর উপর ভাইয়ের স্থান দিয়েছেন বলে উল্লেখ করে শাহ নেওয়াজ বলেন, আজ পর্যন্ত তার সাথে আমার কখনো দুই কথা হয়নি। আমি চাই সব ভুল বুঝাবুঝির অবসান হোক।

অনুষ্ঠানে আতাউর রহমান সেলিম বলেন, শাহ নেওয়াজ ভাই এই সমাজে একজন প্রতিষ্ঠিত মানুষ। আজ পর্যন্ত কোনদিন শুনিনি তিনি কারো বিরুদ্ধে কোন কিছু লিখেছেন কিংবা কুৎসা রচনা করেছেন।

মোহাম্মদ আলী বলেন, আমাদের এখন ফোর্থ জেনারেশন চলছে। তাদের সামনে আমাদের আর লজ্জিত করবেন না।

রানু শাহ নেওয়াজ আবেগ আপ্লুত কণ্ঠে বলেন, আমি কখনো কারো বিরুদ্ধে কোন কিছু লিখিনি। শাহ নেওয়াজ যাদের কথা বলছেন তারা আমাদের ভালো ভাই, বন্ধু ও ভাবি ছিলেন।

কাজী ফৌজিয়া কমিউনিটির প্রতি মহিলাদের সম্মান রক্ষা করার অনুরোধ জানিয়ে বলেন, মহিলারা আপনাদের মা-বোন, সন্তান। তাদের ইজ্জত করুন। তিনি মহিলাদের নিয়ে কোন কথা একদম না লেখার জন্য সবার প্রতি অনুরোধ জানান।

সভায় প্রবাসের শিল্পীদের পক্ষ থেকেও শাহ নেওয়াজ ও তার পরিবারের প্রতি সংহতি জানানো হয়। বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী সভায় উপস্থিত ছিলেন। নৈশভোজের মাধ্যমে সভার সমাপ্তি ঘটে।



























সামার ইসলামী শিক্ষার সমাপনী-সনদ প্রদান

শেষ পৃষ্ঠায় পর সেন্টার এষ্টোরিয়ার উদ্যোগে সকাল ১০টা থেকে ১টা পর্যন্ত মাদ্রাসার সামার সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

মাদ্রাসার প্রথম লেভেল থেকে, ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীসহ হিফয লেভেলের ছাত্ররাও কিরাত প্রতিযোগিতা, হামদ, নাতে রসুল, খুতবাসহ জুময়া ও জানাজা নামাজ, ঈদের নামাজের সহ বিভিন্ন কর্মসূচিতে অংশ নেয় বিপুল সংখ্যক শিক্ষার্থী। সমাপনী অনুষ্ঠানে শিক্ষার্থীদের সাথে তাদের অভিভাবক ও আল আমিন ইসলামী সেন্টারের কলাকুশলীরা উপস্থিত ছিলেন।

আল আমিন ইসলামী সেন্টারের সিলেবাস অনুযায়ী, ইসলামি শরিয়া, পবিত্র আল কোরান এবং ইসলামি সাধারণ বিষয়ের উপর পরীক্ষায় উর্ত্তীণদের ফলাফল নিম্নরুপ :

প্রথম লেভেল শিক্ষার্থীদের মধ্যে : প্রথম নাইমা ইসলাম, দ্বিতীয় হোসেইন আহমেদ চৌধুরী, তৃতীয় সুমাইয়া আলম।

দ্বিতীয় লেভেল (সেকশন এ): প্রথম সামিন মোস্তফা, দ্বিতীয় মুশফিক মুছা তৃতীয় আমিনুর রহমান তাহিয়া ।

সেকেন্ড লেভেল (সেকশন বি): প্রথম নাদিয়া নূর, দ্বিতীয় জহুরা রহমান, তৃতীয় মারজান তাজকিয়া।

তৃতীয় লেভেলে : প্রথম মাহির খান এলাহী, দ্বিতীয় ইউসুফ চৌধুরী, তৃতীয় তাসফিয়া মেহজাবিন ।

ষষ্ঠ শ্রেণীর : প্রথম আরিয়ান আলম, দ্বিতীয় কাইয়ান ওমর আহমেদ, তৃতীয় সাফায়ত খান ।

হিফয লেভেলে প্রথম ওলিউর রহমান চৌধুরী দ্বিতীয় জারিফ আবিদ, তৃতীয় আবিদুর রহমান চৌধুরী ।

তাছাড়া ও মাদ্রাসার পক্ষথেকে সামারে রেইনী পার্কের বিভিন্ন আউটডোর একটিভিটিতে যারা অংশ নিয়ে ছিলেন। সেই ২৩ জন শিক্ষার্থীদের জায়নামাজ ও প্রত্যেককে শান্তনা পুরষ্কার হিসেবে একটি করে মেডেল ও সার্টিফিকেট দেওয়া হয় । অনুষ্ঠানে বিপুল সংখ্যক অভিভাবক উপস্থিত হয়ে বক্তব্য রাখেন। তারা হলেন মইনুল হক চৌধুরী, মোহাম্মদ মিসবাউর রহমান, শামসুল ইসলাম, আবু মুছা, আবিদ চৌধুরী, রাশিক আহমেদ চৌধুরী, খালেদুর রহমান, মোহাম্মদ আমিনুর রহমান, তরিকুল ইসলাম, মোহাম্মদ মোস্তফা, মুজিব উল্লাহ সাইদ জিলো সাহিব প্রমুখ।

কার্যকরী পরিষদের পক্ষথেকে বক্তব্য রাখেন সভাপতি শাহাব উদ্দীন ও সাধারণ সম্পাদক মোহাম্মদ আমিন হোসাইন । সার্বিক তত্ত্বাবধানে ছিলেন সাবেক ট্রাষ্টি বোর্ডের মেম্বার আব্দুর রাজ্জাক , শিক্ষক মাওলানা মোহাম্মদ নেছার আহমেদ , মাওলানা মহিউদ্দিন আল ফারুক ,,হাফিজ মাওলানা নজমুল ইসলাম ,সাফায়ত খান ,মোহাম্মদ আব্দুর রহিম ,ইসলাম উদ্দিন ,মোহিত পারভেজ ও সোহায়েল প্রমুখ ।

সমাপনী বক্তব্য রাখেন মাদ্রাসার প্রিন্সিপাল, ইমাম ও খতিব হাফেজ মাওলানা লুৎফুর রহমান চৌধুরী। তিনি বলেন,মাদ্রাসার এই অবুঝ শিশু ,মাছুম বাচ্চারা হলো জান্নাতের বাগান। অভিভাবকরা তাদেরকে যে ভাবে গড়ে তুলতে চাইবেন সে ভাবে ই গড়ে উঠবে। সুতরাং আমি সকল অভিভাবকদের অনুরোধ করছি ,স্কুল শিক্ষার পাশাপাশি ধর্মীয় শিক্ষা দিতে যেন আমরা ভূলে না যাই। নতুবা এই বহুজাতিক সংস্কৃতির দেশে আমাদের ভবিষ্যতে প্রজন্মকে হারিয়ে ফেলবো। আর মৃত্যুর পর শেষ বিচারের দিনে আমরা কেহই রেহাই পাব না।

তিনি আরো বলেন ইসলাম হলো শ্রেষ্ঠ ধর্ম। এর আলোয় নিজে এবং নিজের সন্তানদের আলোকিত করতে হবে । ইসলাম প্রত্যেক মানুষকে মানবিক মূল্যবোধ,ন্যায়পরায়নতা, সৎ চরিত্রবান সুনাগরিক হিসেবে গড়ে তুলে। আজকের নৈতিক অবক্ষয়ের যুগে একমাত্র আল্লাহর নির্দেশিত পথ আল কোরান এবং আমাদের প্রিয় রসুলের দেখানো পথ আল হাদিস অনুযায়ী আহলে সুন্নতুল জামাতের আদর্শকে নিজের পারিবারিক সামাজিক এবং রাষ্ট্রীয় জীবনে অনুসরণ ও অনুকরনের মাধ্যমে ইহকাল ও পরকালের শান্তি সম্ভব । আর ইসলামের সৌন্দর্য,ভাতৃত্ববোধের শিক্ষা ছড়িয়ে দিতে হলে মাদ্রাসা শিক্ষার গুরুত্ব অপরিসীম ।

সবাইকে ধন্যবাদ জানিয়ে মধ্যাহ্ন ভোজের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।.. প্রেস বিজ্ঞপ্তি












নিউইয়র্কে ফ্রেন্ডস এন্ড ফ্যামিলি ফুটবল লীগ অনুষ্ঠিত





শেষ পৃষ্ঠায় পর অংশ নেয়। ফাইনালে টিম হাকালুকি এফসি ট্রাইবেকারে ২-০ গোলে টিম টাইটান ওয়ারিয়র্সকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়। ফাইনাল শেষে চ্যাম্পিয়ন ও রানার্স আপ টিমকে পুরস্কার তুলে দেন আমন্ত্রিত অতিথিরা।

আমন্ত্রিত অতিথি ছিলেন টাইম টিভির সিইও আবু তাহের, বাংলাদেশ সোসাইটির সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, সিনিয়র সহ সভাপতি মহিউদ্দিন দেওয়ান, নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলী নির্বাচনে ডিস্ট্রিক্ট থার্টি সিক্সের অ্যাসেম্বলী মেম্বার পদপ্রার্থী মেরী জোবাইদা, কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশনের সভাপতি সৈয়দ ইলিয়াস খসরু, সাধারণ সম্পাদক মইনুর রহমান সুয়েব, যুগ্ম সাধারণ সম্পাদক বদরুল ইসলাম মিন্টু, ভাটেরা এসোসিয়েশনের সভাপতি শেখ রাজা মিয়া তালুকদার, উপদেষ্টা মাওলানা সাইফুল ইসলাম সিদ্দিকী, কমিউনিটি অ্যাক্টিভিস্ট মিসবাউর রহমান এনাম, আফাজুর রহমান চৌধুরী ফাহাদ, তাহমিদুর রহমান চৌধুরী প্রমুখ।

ফুটবল লীগ পরিচালনা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন আয়োজক কমিটির সুমন আহমেদ, ফরহাদুল ইসলাম লিটু, আব্দুস সামাদ, রাহাত চৌধুরী, অলিউর রহমান, বাপ্পু তালুকদার, এনাম তালুকদার, সিপন আহমেদ, জায়েদ আহমেদ তালুকদার, টিপু আহমেদ, পারভেজ আহমেদ প্রমুখ। বিশেষ সহযোগিতায় ছিলেন সৈয়দ রুহুল ইসলাম, রুমানা ইসলাম, সৈয়দ সালাউদ্দিন ও কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন ইউএসএ ইনক।























নর্থ বেঙ্গল ফাউন্ডেশনেরর বার্ষিক বনভোজন





নিউইয়র্ক: বাংলাদেশের উত্তর বঙ্গের ১৬টি জেলার সমন্বয়ে গঠিত সামাজিক সংগঠন নর্থ বেঙ্গল ফাউন্ডেশন ইউএসএ'র বার্ষিক বনভোজন বিপুল উৎসাহ-উদ্দীপনায় অনুষ্ঠিত হয়েছে। গত ২৪ আগষ্ট রোববার দিনব্যাপী নিউইয়র্কের লং আইল্যান্ডস্থ সবুজে ঘেরা বিশালাকারের ওয়ানতাগ পার্কে এবারের বনভোজন আয়োজন করা হয়। শিশু-কিশোর-কিশোরী থেকে শুরু করে বয়োবৃদ্ধ সহ সর্বস্তরের কয়েকশত উত্তরবঙ্গবাসীর আর কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ সপরিবারে এতে অংশ নেয়ায় বনভোজনটি বাংলাদেশীদের মিলন মেলায় পরিণত হয়। খবর ইউএনএ'র।

ব্যতিক্রমী আয়োজনে সকালের নাস্তা পরিবেশনের মধ্য দিয়ে বনভোজনের কর্মকান্ড শুরু হয়। এসময় পার্কেই ভাজা গরম গরম পরটা আর ডাল-ভাজি-সুজি দিয়ে বনভোজনে অংশগ্রহনকারীদের 'ব্রেকফাস্ট' করানো হয়। এছাড়াও তরমুজ সহ দিনভর ছিলো নানা রকমের অ্যাপিটাইজার খাবার। অনুষ্ঠানের অন্যান্য কর্মকান্ডের মধ্যে ছিলো আড্ডা, শুভেচ্ছা বিনিময়, বিভিন্ন রকম খেলাধুলা, দেশীয় খাবারে মধ্যাহ্ন ভোজ, র‍্যাফল ড্র, সাংস্কৃতিক অনুষ্ঠান আর পুরষ্কার বিতরণী।

দুপুরে আনুষ্ঠানিকভাবে বনভোজনের উদ্বোধন করা হয়। আমন্ত্রিত অতিথিদের সাথে নিয়ে সংগঠনের কর্মকর্তারা রং বে রং এর এক গুচ্ছ বেলুন উড়িয়ে বনভোজনের উদ্বোধন করেন। এসময় বিশিষ্ট মর্টগেজ ব্রোকার মোহাম্মদ ফাহিম জান (এনএমএলএস # ২১৮১২) ও সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ এ খান শুভেচ্ছা বক্তব্য রাখেন এবং অন্যান্যের মধ্যে ফাউন্ডেশনের প্রধান উপদেষ্টা ও সাবেক সভাপতি ডা. মোহাম্মদ আব্দুল লতিফ, সাধারণ সম্পাদক মোজাফফর হোসেন, বনভোজন কমিটির আহ্বায়ক মোতাহার হোসেন, প্রধান সমন্বয়কারী মোহাম্মদ রাকিবুজ্জামান খান তনু ও সদস্য সচিব মোহাম্মদ শরিফুল ইসলাম সহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এছাড়াও অনুষ্ঠানে ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা সভাপতি ও প্রধান পৃষ্ঠপোষক, বিশিষ্ট শিল্প উদ্যোক্তা ও সংগঠক হাসানুজ্জামান হাসান নিজ জেলা বাংলাদেশের নীলফামারীতে অবস্থান করায় সেখান থেকেই তিনি টেলি কনফারেন্সে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

দেশীয় খাবারে মধ্যাহ্ন ভোজের পর



অনুষ্ঠিত সাংস্কৃতিক পর্বে জনপ্রিয় সঙ্গীত শিল্পী মম, চন্দ্রা রায়, ফয়সাল সারওয়ার প্রমুখ একাধিক গান পরিবেশন করেন। এসময় শিশুসহ অনেকেই শিল্পীদের সাথে নেচে-গেয়ে আনন্দে মেতে উঠেন।

বিকেলে অনুষ্ঠিত হয় আকর্ষনীয় র‍্যাফল ড্র। সবশেষে ছিলো পুরষ্কার বিতরনী। এসময় ফাউন্ডেশনের সভাপতি ডা. চৌধুরী সারোয়ারুল হাসান সহ আমন্ত্রিত অতিথি ও সংগঠনের কর্মকর্তারা পুরষ্কারপ্রাপ্তদের হাতে পুরষ্কার তুলে দেন। এসময় সংগঠন ও কমিউনিটির জন্য ভালো কাজের জন্য কয়েকজনকে প্ল্যাক/পুরষ্কার দিয়ে সম্মানিত করা হয়। অনুষ্ঠানের বিভিন্ন পর্ব পরিচালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক মোজাফফর হোসেন, প্রধান সমন্বয়কারী মোহাম্মদ রাকিবুজ্জামান খান তনু ও ইঞ্জিনিয়ার এবিএম মিজানুল হাসান।



















এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইল আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্যে এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনাদের এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

ন্যাচারালাইজেশন আবেদনের সৎ নৈতিক চরিত্র মূল্যায়নে পরিবর্তনঃ

ইউএস সিটিজেনশীপ এ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসেস (ইউএসসিআইএস) ১৫ আগস্ট, ২০২৫ এ একটি পলিসি মেমোরেন্ডাম জারি করেছে। নতুন পলিসিতে সিটিজেনশীপ আবেদনে 'সৎ নৈতিক চরিত্র' মূল্যায়নের ক্ষেত্রে যেভাবে যেভঅবে পরিবর্তন আনা হয়েছে।

সৎ নৈতিক চরিত্র মূল্যায়নে যা প্রয়োজনঃ

ইউএস ইমিগ্রেশন আইনে আবেদনকারীকে একজন সৎ চরিত্রের মানুষ হতে হবে। সাধারণ রিভিউ সময় হচ্ছে এন-৪০০ ফরম পূরনের পূর্বে ৫ বছর এবং ইউএস'এর নাগরিককে বিয়ে করার ক্ষেত্রে সেই সময় হচ্ছে ৩ বছর। ইমিগ্রেশন অফিসাররা কেস-বাই কেস ভিত্তিতে সৎ নৈতিক চরিত্র মূল্যায়ন করবেন। ইতোপূর্বে চরিত্র মূল্যায়নে কতিপয় অপরাধ, ড্রাগ গ্রহণ, ধোকাবাজি করা (ফ্রড) এবং ভুলভাবে তথ্য উপস্থাপনার উপর জোর দেয়া হতো। এসব অপরাধ থেকে কঠোরভাবে দূরে থাকলে তা আবেদন মঞ্জুরের ক্ষেত্রে ইতিবাচক ফল দেবে।

নতুন নীতিঃ

সাম্প্রতিক পলিসি মেমোরেন্ডামে নৈতিক চরিত্র মূল্যায়নে নতুন দৃষ্টিভঙ্গি প্রবর্তন করা হয়েছে। অফিসাররা কেবল তাদের অযোগ্যতার বিষয়গুলোই বিবেচনা করবে না– তাদের ইতিবাচক গুণ এবং যে কমিউনিটিতে তারা বসবাস করছেন, সেই কমিউনিটি'র স্ট্যান্ডার্ড অনুসরণ করে চলে কি-না, সেটাও বিবেচনায় নেবে।

ইতিবাচক গুণ ও অবদানের মধ্যে থাকতে পাওে যেমনঃ

- কমিউনিটি সংশ্লিষ্টতা এবং অবদান;
- পারিবারিক পরিসেবা এবং ইউএসএ'র প্রতি বন্ধনবোধ করা;
- শিক্ষাগত যোগ্যতা;
- স্থায়ী এবং আইনসম্মত কর্ম ইতিহাস ও কর্মেও অর্জন;
- ইউএসএ'র রেসিডেন্স গ্রহণের আইনসম্মত সময়কাল;
- ট্যাক্স প্রদান এবং আর্থিক দায়িত্বশীলতা

যেসব আচরণ অযোগ্য বলে বিবেচিতঃ

ইউএসসিআইএস অফিসাররা বিশেষভাবে নজর দেবে যে, কোন আবেদনকারী নৈতিক চরিত্র স্ফলনের মত কোন কাজে যুক্তি আছে কিনা। অফিসাররা এও পরীক্ষা করে দেখবেন যে, আবেদনকারী যে এলাকায় বসবাস করছেন সেখানকার মানুষের গড় আচরণের সঙ্গে অসঙ্গতিপূর্ণ কি-না যা তার আবেদনকে নামঞ্জুর করে দেবে। এমন কি সে আচরণ যদি টেকনিক্যালি আইনসম্মত হয়। যেমন বেপরোয়া ট্রাফিক আইন লংঘন, কাউকে অবমাননা করা বা জোর করে কারো ব্যক্তিগত এলাকায় ঢুকে পরা।

পূর্বে যারা অসংগত আচরণ করেছে, তারা পুর্নবাসনে সঙ্গত আচরণে ফিরে এসেছে কি-না ইউএসসিআইএস কর্মকর্তারা তা পরীক্ষা করে দেখবেন।

পুর্নবাসনের প্রমাণপত্রে রয়েছে যেমন ঃ

- চাইল্ড সাপোর্টেও অর্থ পরিশোধের এবং পারিবারিক অন্যান্য দায়িত্ব পালনের প্রমাণপত্র;
- প্রবেশন বা কোর্ট-পদও অন্যান্য শর্ত পালনের প্রমাণ;
- আবেদনকারীরা সৎ নৈতিক চরিত্রের জন্য কমিউনিটির সার্টিফিকেট, এ্যাফিডেভিট পত্র;
- একই রকম সমস্যাগ্রস্থ মানুষকে সাহায্য করার প্রমাণ;
- কোন বেনিফিট যেমন সোসাল সিকিউরিটি'র আয়, ওভার পেমেন্ট হলে তা সম্পূর্ণ ফেরৎ দেয়ার প্রমাণ;
- বকেয়া ট্যাক্স সম্পূর্ণ পরিশোধ করার প্রমাণ।

সৎ চরিত্রের নতুন বিধি আরোপের পর আবেদনকারীদের প্রতি আমাদের পরামর্শ হবে, আবেদনকারী যেন অবশ্যই কোন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে প্রয়োজনবোধে সরাসরি বা ব্যক্তিগতভাবে আলোচনা করে তার করণীয় সম্পর্কে জেনে নিয়ে অগ্রসর হন।

সেপ্টেম্বর ২০২৫ ভিসা বুলেটিন ঃ

ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) সেপ্টেম্বও ২০২৫'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে ২০২'র ভিসা বুলেটিন প্রকাশ করা হলো। উল্লেখ্য যে, 'ফাইনাল এ্যাকশন ডেট' বলতে সেই ডেটকে বোঝায় যখন ইউএস সিআইএস/ ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের সিদ্ধান্ত প্রদান করে। আর এতে করে আপনাদের প্রায়োরিটির তারিখ নির্ধারিত হয় এর পূর্বে।

সেপ্টেম্বর ২০২৫'র সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, পরিবারভিত্তিক ক্যাটাগরিতে তেমন অগ্রগতি হয় নাই।

ফ্যামিলি স্পনসর্ড প্রেফারেন্সেস :

প্রথম: (এফ ১): ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র-কন্যা : জুলাই ১৫, ২০১৬।

দ্বিতীয়: পার্মানেন্ট রেসিডেন্টদের স্পউসে (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র-কন্যা।

এ. (এফ ২এ) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং সন্তান ঃ সেপ্টেম্বর ০১, ২০২২।

বি. (এফ ২বি) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র-কন্যা (২১ বছর বা তদুর্ধ্ব বয়সী) ঃ অক্টোবর ১৫, ২০১৬।

তৃতীয় ঃ (এফ ৩) ঃ ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র-কন্যা ঃ আগস্ট ০১, ২০১১।

চতুর্থ ঃ (এফ ৪) ঃ প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন ঃ জানুয়ারি ০১ ২০০৮।

পারিবারিকভিত্তিক এবং চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

আপনাদের জন্য আমরা যে পরামর্শ দিয়ে থাকি তা হচ্ছে যে, ইমিগ্রেশন বিষয়ে যেকোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এ্যাটর্নীর সাথে পরামর্শ করা ভালো।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

* Immigration Cases & Appeals * Bankruptcy Cases
* Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।


যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

সাহিত্য
সাময়িকী

মানুষ মূলতঃ গৃহী
আশরাফ মীর

মানুষ প্রকৃত পক্ষে নিভৃতিময় প্রশান্তিকাতর
মানুষ মূলতঃ গৃহী
গৃহস্থ, গৃহীজন, গৃহীণী
শিল্পজন,সুরকার, গায়ক-গায়েন, আত্মমগ্ন নিঃসঙ্গ শিল্পী
শ্রমিক, শিল্পমালিক, বিষণ্ন বেকার যুবক
চিকিৎসক-সেবিকা, বুদ্ধিজীবী, রাজনীতিক
অবসাদ-ক্লান্তিতে সকলেই গৃহে ফিরে।

গৃহে ফিরে দিনমজুর, ফেরিওয়ালা
হোটেল বেয়ারা, ফুটপাতের দোকানী
গৃহে ফিরে এনজিও ঋণের কিস্তি পরিশোধে দায়বদ্ধ প্রান্তিক কৃষক।

গৃহে ফিরে মিথ্যাবাদী ঘটক, প্রতারক কবিরাজ
হাতুড়ে চিকিৎসক, টাউট দালাল, গ্রাম্য মোড়ল
গৃহে ফিরে গঞ্জের হাটুরে।

গৃহে ফিরে আবেগ আকুল প্রেমিক প্রেমিকা
বাজিকর, সঞ্চালক, ওষুধ কোম্পানির বিক্রয় প্রতিনিধি।
গৃহে ফিরে আমিষ কারবারি, মৎস্য বিক্রেতা
গৃহে ফিরে সরলতম নিরামিষভোজী।

গৃহহীন হয়ে যায় নদী ভাঙ্গনে বিলীন বাস্তুভিটা
হারানো দরিদ্র-নিরন্ন মানুষের নিয়তি।
গৃহহীন হয়ে যায় ভূমিদস্যুর জবরদখলে
বাস্তুচ্যুত মানুষের ক্রন্দন
গৃহহীন হয়ে যায় ভূমিহীন মানুষের
বঞ্চনা পীড়িত সমস্ত জীবন।

মানুষ মূলতঃ গৃহী, মায়াময় গৃহস্থ।

রান্নাঘর
হাদিউল ইসলাম

লজ্জাবতী লতা স্পর্শ পেলে নুয়ে পড়ে
তোমাকে ছুঁয়ে বুঝেছি শুধু লজ্জাবতী লতা নয়
সে এক সুরম্য অগ্নিশিখার দুপুর হঠাৎ লাস্যময়

নুয়ানো এ প্রক্রিয়াদি বড্ড সুখকর
হেমন্তের মাঠময় পাকা ধান সোনার বরণ
কৃষকের পোলা আমি আলে হাঁটি পায়ে শিহরণ

সান্ধ্যকালে পুবাকাশে গোল চাঁদ
জাদুমন্ত্রবলে বাড়ির পালানে অভিসার
ঘন জোছনায় লজ্জাবতী লতা তুমি নুয়ে পড়ো
স্পর্শে জড়োসড়ো আদুরে বেড়াল

গান ভেসে আসে
বহুবিশৃঙ্খল ঔরসের সিঁড়ি বেয়ে গুটি গুটি পায়ে
আরো গান আসে, হাসি দেখি আনারের দানা
হাসে রান্নাঘর আর বলক ওঠা ঝোলের তরকারি

রঙের বিভ্রম
মেহেদী ইকবাল

কামরাঙার পাতার ঝোপে লুকিয়েছে ছোট্ট এক টুনটুনি
বোঝা যায় কী যায় না
ঘন সবুজের ভেতর হালকা রঙ খয়েরি!
মেঘমুক্ত আকাশের নীল নীরবতা। আপাতত
বৃষ্টি হবে না জেনে বিষণ্ন ঘাসের ডগা
মাটি শুকিয়ে গেলে গাছের হাতগুলো বাদামী।
আমি ভাবছিলাম বেগুনি রঙের ঘুম
হলুদ রঙের ডানা খুঁজে ফেরে ব্যাকুল মৌমাছি
কুয়াশার দিন নয় তবু বিভ্রান্তিকর দূরের গ্রামগুলো সাদা
রাত নামলে তীব্র হয় ঝিঁঝিদের গান। কালো
কেন যে পায় না মর্যাদা রঙের!

অথচ কালো এত শক্তিশালী এত শক্তিশালী
সে মুহূর্তে পারে ঢেকে দিতে

বাকি সব রঙ!



শরতের গল্প
আদ্যনাথ ঘোষ

কী করে ভাদ্রের কাছে জমা রাখি বুকের আকাশ!
সে যে অভিমান নিয়ে
ডুবে যাওয়া স্বপ্নের মন খুঁজে চলে শিশিরধোয়া গল্পেরই কাছে।
চোখের ভিতর থেকে বের হয় স্নেহের পাখি।
পাখিদের ডাক শুনে শিউলির ভোর নেমে আসে।
যে ভোর দুহাতে রাখবো বলে স্নেহজলে ধুয়ে নিই
নিজেরই মন। গোটা এক জীবন আঁকতে গিয়ে এঁকে ফেলি
শরতের আকাশ। নিজ মন পড়ে থাকে
অভিমানী মফস্বলে। এদিকে দূরের ধানক্ষেত ছেড়ে
শরতের চোখ ভাসে জীবনের কবিতাখাতায়।
ওদিকে ভাদ্রের ডুবে যাওয়া মফস্বলের
গল্প নিয়ে ফেরি করি শরতের উড়ে যাওয়া পাখির ডানা।



মনে হয়
দিলীপ কির্ত্তুনিয়া

নদীর পাশে গিয়ে শুলে মনে হয়
আমার পাশে একজন নারী শুয়ে আছে।
আবার নারীর পাশে গিয়ে শুলে মনে হয়
আমার পাশে একটা নদী শুয়ে আছে।

আমি যখন শূন্যতার কাছে গিয়ে বসি
মনে হয় আমি কষ্টের কাছে গিয়ে বসেছি।
আবার যখন কষ্টের কাছে গিয়ে বসি
মনে হয় আমি শূন্যতার কাছে গিয়ে বসেছি।

আমি যখন বৃষ্টি দেখতে বসি
মনে হয় আমি আয়না দেখছি
আবার যখন আয়না দেখতে বসি
তখন মনে হয় বৃষ্টি দেখছি।

আমি যখন কোথাও যাবো না বলে ভেবেছি
তখন দেখি সমস্ত গন্তব্য এসে হাজির
আবার যখন যাবো বলে কোথাও ভেবেছি
গন্তব্যহীন হয়ে হারিয়ে গেছি।

তখনও তুমি ক্লান্ত যোদ্ধা নও
ফজিলা ফয়েজ

আমার ওষ্ঠের কোণে নিভৃত এক কালো তিল চিহ্ন।
তুমি নিঃশ্বাসে তুলে আনলে এক পশলা নরম বাতাস।
কাঁপন ছড়িয়ে পড়ল ওষ্ঠদয়ের ভিতর বাহির,

সেটা কি প্রেম ছিল?
নাকি নিছক ছোঁয়ার ভুল?
নাকি সেই ছলে তুমি রেখে গেলে চিরকালের আকুলতা?

তোমার অনুচ্চারিত স্বীকারোক্তি স্বেচ্ছায় সমর্পণ করলে বাহুদ্বয়
তুমি কি পরাজিত সৈনিক?
আমি বিজয়ের অহংকার করবো না
তোমার পরাজিতের করুণায় তুমি যুদ্ধ থামালে
আর আমি অস্তমিত সেই যুদ্ধের আগুনে পুড়ে যাই।
তখনও তুমি ক্লান্ত যোদ্ধা নও।

'আমি জ্বলতে জ্বলতে প্রেমের রণক্ষেত্রে হেরে যেতে থাকি'

ফার্স্ট এইড হোমকেয়ারের উৎসবমুখর পিকনিক







শেষ পৃষ্ঠায় পর সকল কর্মকর্তারা। শনিবার নিউইয়র্কের ছায়া শীতল গ্লেন আইল্যান্ড পার্কে ফিফটিন পিকনিক স্পটে বাৎসরিক সামার পিকনিকে আনন্দ আড্ডা, খেলাধূলা, র‍্যাফেল ড্র ও বিনোদনের মাধ্যমে পারিবারিক আবহে দিনভর উৎসবের আমেজে মেতেছিলেন ফার্স্ট এইড হোমকেয়ারের ও সহযোগী প্রতিষ্ঠানের কর্মকর্তা এবং তাদের পরিবারের সদস্যরা। পারস্পরিক ভালোবাসা, বন্ধন আর আনন্দ আয়োজনে অবকাশময় দিন পার করেন একত্রে।

ফিতা কেটে পিকনিকের উদ্বোধন করেন ফার্স্ট এইড হোমকেয়ারের সিইও ড. জিসি প্যাটেল ও সত্বাধিকারী ড. শাহজাদী পারভীন সারাহ। পরে উপস্থিত সকলের মধ্যে ব্রেকফাস্ট দেয়া হয়। খেলাধূলার ইভেন্টে শিশু কিশোর, পুরুষ ও মহিলাদের পৃথক দৌড় প্রতিযোগিতা এবং বালিশ খেলার আয়োজন করা হয়। এরপর দুপুরের খাবার পরিবেশন করা হয়। বিশিষ্ট ব্যবসায়ী ও সংগীত শিল্পী নওশাদ খান রোমাঞ্চকর গান পরিবেশন করে মাতিয়ে রাখেন পিকনিকে উপস্থিত সকলকে।

পিকনিকে উপস্থিত সকলে গ্লেন আইল্যান্ড পার্কের ছায়া শীতল প্রকৃতির মাঝে নিজেদের মতো উপভোগ করেন ও দিনটিকে স্মৃতির মনিকোঠায় ধারণ করেন। এমন আয়োজনে পরিবার পরিজন নিয়ে প্রাকৃতিক সৌন্দর্যে একত্রে উৎসবমুখর দিন কাটানোর সুযোগ পেয়ে ফার্স্ট এইড হোমকেয়ারের উদ্যোগের প্রশংসায় পঞ্চমুখ ছিলেন সবাই।

বিকেলে র‍্যাফেল ড্র অনুষ্ঠিত হয়। র‍্যাফেল ড্রতে ১ম পুরষ্কার নগদ এক হাজার ডলার এবং তৃতীয় পুরষ্কার স্বর্ণের ব্রেসলেট বিজয়ী হোন আয়েশা ইসলাম, দ্বিতীয় পুরষ্কার বিজয়ী হোন ড. সালমা। র‍্যাফেল ড্রতে আরো একাধিক আকর্ষণীয় পুরষ্কার ছিলো। এছাড়া খেলাধূলা প্রতিযোগিতার পুরষ্কার বিতরণ করা হয়। র‍্যাফেল ড্র বিক্রির সংগৃহিত অর্থ ফার্স্ট এইড হোমকেয়ারের সহযোগী নন প্রফিট অর্গানাইজেশন মা ফাউন্ডেশনে অর্থায়ন করা হয় মানব কল্যাণের জন্য।

পিকিনিকে উপস্থিত ছিলেন ফার্স্ট এইড হোমকেয়ারের সিইও ড. জিসি প্যাটেল, সত্বাধিকারী ড. শাহজাদী পারভীন সারাহ, হিউম্যান রিসোর্স অফিসার আয়েশা ইসলাম, জেনারেল ম্যানেজার দিপ্ত সাহা, এস্টোরিয়া সোশ্যাল এডাল্ট ডে কেয়াররের সিইও মোহাম্মদ লিটন, ম্যানেজার বিথি সিদ্দিক, মাদার্স বিডি লিমিটেড এর সিইও কোহিনূর আক্তার, ফার্স্ট এইড হোমকেয়ারের সুপাভাইজার কানিজ শারমিন, বিশিষ্ট ব্যবসায়ী নওশাদ খান প্রমুখ।
























নিউইয়র্কে রিয়েলটদের জমকালো অ্যাওয়ার্ড নাইট





শেষ পৃষ্ঠায় পর পরিবেশে মিলিত হন।

অনুষ্ঠানের শুরু থেকেই পারিবারিক আবহ, প্রাণবন্ত আড্ডা এবং প্রিয়জনদের সঙ্গে সময় কাটানোয় জমে ওঠে পুরো পরিবেশ। অ্যাওয়ার্ড নাইটের মূল পর্বের সঞ্চালনায় ছিলেন অ্যাবারনির ডিরেক্টর সাব্বির আহমেদ ও ইমরান ভূঁইয়া। শুভেচ্ছা বক্তব্যে সংগঠনের ফাউন্ডিং মেম্বার ও প্রেসিডেন্ট মোহাম্মদ রহমান শাহীন বলেন, হাঁটি হাঁটি পা পা করে অ্যাবারনি আজ রিয়েলটরদের প্রাণের সংগঠন হিসেবে জায়গা করে নিয়েছে। তিনি আশা প্রকাশ করেন, সংগঠনটি ভবিষ্যতে আরও অনেক দূর এগিয়ে যাবে এবং বাংলাদেশি-আমেরিকান রিয়েলটরদের সহায়তামূলক প্ল্যাটফর্ম হয়ে উঠবে।

অ্যাওয়ার্ড প্রদানের পর্বটি পরিচালনা করেন ডিরেক্টর নাদির খান এবং ডিরেক্টর নাজনিন মির্জা। এ সময় বিভিন্ন ক্যাটাগরিতে শ্রেষ্ঠ রিয়েলটরদের হাতে সম্মাননা তুলে দেওয়া হয়। সম্মাননা প্রাপ্তদের মধ্যে ছিলেন জামান মজুমদার, সারওয়ার খান, আডান ইসলাম, সাব্বির আহমেদ, ইমরান ভূঁইয়া, কাজী হোসাইন, মোহাম্মদ করিম এবং ইন্দ্রজিৎ সরকার। পুরস্কার প্রাপ্ত রিয়েলটররা এ সম্মাননা পেয়ে আনন্দ প্রকাশ করেন এবং অ্যাবারনির প্রতি কৃতজ্ঞতা জানান।

সংগঠনের ফাউন্ডিং মেম্বার ও ট্রেজারার শাকিল আহমেদসহ সকল ডিরেক্টর মঞ্চে আমন্ত্রিত হন এবং নিজেদের পরিচয় তুলে ধরেন। এ সময় উপস্থিত ছিলেন সাব্বির আহমেদ, ইমরান ভূঁইয়া, নাদির এ খান, নাজনিন মির্জা, শাকিল আহমেদ, মোহাম্মদ রহমান শাহীন, কাজী হোসাইন, কবির মুনশী ও হাসান ইমাম। এছাড়া লং আইল্যান্ডসহ নিউইয়র্কের বিভিন্ন প্রান্ত থেকে রিয়েল এস্টেট সংশ্লিষ্ট অন্যান্য সংগঠনের নেতারাও অনুষ্ঠানে যোগ দেন।

অনুষ্ঠানের শেষ পর্যায়ে ডিনার পরিবেশন করা হয় এবং সবাই মিলেমিশে আনন্দঘন পরিবেশে সময় কাটান। সবশেষে সাংস্কৃতিক পরিবেশনায় জনপ্রিয় শিল্পী নাজু আখন্দ বাংলা ও হিন্দি গান পরিবেশন করে দর্শকদের মাতিয়ে তোলেন।

অ্যাবারনির প্রেসিডেন্ট মোহাম্মদ রহমান শাহীন তাঁর বক্তব্যে বলেন, আজ এই সংগঠন তিন বছরে পদার্পণ করলো। রিয়েল এস্টেট পেশাজীবীদের সহায়তা করা এবং কমিউনিটির পাশে দাঁড়ানোই অ্যাবারনির মূল উদ্দেশ্য। ভাইস প্রেসিডেন্ট মোহাম্মদ কবীর বলেন, আমরা এমন একটি আয়োজন করতে পেরে আনন্দিত এবং সম্মাননা প্রাপ্তদের অভিনন্দন জানাই।

বর্তমানে অ্যাবারনির বোর্ড অব ডিরেক্টরসের মধ্যে রয়েছেন প্রেসিডেন্ট মোহাম্মদ রহমান শাহীন, ভাইস প্রেসিডেন্ট মোহাম্মদ কবীর, ট্রেজারার শাকিল আহমেদ, ডিরেক্টর সাব্বির আহমেদ, ডিরেক্টর নাদির খান, ডিরেক্টর ইমরান ভূঁইয়া, ডিরেক্টর নাজনিন মির্জা, ডিরেক্টর ইমাম হাসান, ডিরেক্টর কবির মুন্সি এবং কাজী হোসাইন।

অ্যাবারনির যাত্রা শুরু হয় ২০২২ সালে চারজন রিয়েল এস্টেট পেশাজীবী মোহাম্মদ রহমান শাহীন, মোহাম্মদ কবীর, সাকিল আহমেদ ও বদরুল চৌধুরীর হাত ধরে। প্রতিষ্ঠার পর থেকেই সংগঠনটি বাংলাদেশি-আমেরিকান রিয়েলটরদের জন্য সহায়তামূলক কাঠামো গড়ে তোলার চেষ্টা চালিয়ে যাচ্ছে। ২০২৩ সালে হিকসভিলে প্রথম বড় ইভেন্ট আয়োজনের পর ধীরে ধীরে আরও নানা আয়োজনের মাধ্যমে সংগঠনটির কার্যক্রম প্রসারিত হয়। ২০২৫ সালের অ্যাওয়ার্ড নাইট আয়োজন অ্যাবারনিকে নতুন উচ্চতায় নিয়ে গেছে এবং প্রবাসী বাংলাদেশি রিয়েল এস্টেট পেশাজীবীদের এক অনন্য প্ল্যাটফর্মে পরিণত করেছে।







তিন রাজ্যে বিভক্ত ফোবানার সম্মেলন সমাপ্তি





৬-এর পৃষ্ঠায় পর নানা আয়োজনে উত্তর আমেরিকার প্রবাসী বাংলাদেশীদের সবচেয়ে বড় সাংস্কৃতিক আয়োজন বাংলাদেশ এসোসিয়েশন ইন নর্থ আমেরিকা-ফোবানা সম্মেলন কানাডার মন্ট্রিয়লে অনুষ্ঠিত হয়। এবার ফোবানার ৩৯তম আসরের আয়োজক ছিলো কানাডা বাংলাদেশ সলিডারিটি। শুক্রবার মন্ট্রিয়লে তিনদিনব্যাপী ফোবানার উদ্বোধন করেন বাংলাদেশের জনপ্রিয় নাট্যব্যক্তিত্ব মামুনুর রশীদ। সম্মেলন চলে রোববার রাত পর্যন্ত। সম্মেলনগুলোতে স্থানীয় শিল্প সহ বাংলাদেশ থেকে আগত শিল্পীরা সঙ্গীত ও নৃত্য পরিবেশন করেন।



বাংলাদেশ, কানাডা ও যুক্তরাষ্ট্রের জাতীয় সংগীত পরিবেশনের মধ্যদিয়ে শুরু হয় তিনদিনব্যাপী ফোবানা সম্মেলন। শুক্রবার ফোবানার প্রথম দিনে গালা নাইটে পাঁচ শতাধিক আমন্ত্রিত অতিথি যোগ দেন। ছিলেন যুক্তরাষ্ট্র ও কানাডার বিভিন্ন শহর থেকে এবং বাংলাদেশ থেকে আগত শিল্পীরা। তাদের গল্প-আড্ডায় অভাবনীয় এক মেলবন্ধনের সৃষ্টি হয়। সম্মেলনের এবারের স্লোগান ছিলো 'বাংলাদেশের ঐতিহ্যে আলোকিত মন্ট্রিয়ল'।

আয়োজকরা জানান, তিনদিনের অনুষ্ঠান থরে থরে সাজানো হয়েছিলো বাংলাদেশের কৃষ্টি, সংস্কৃতি ও ঐতিহ্যের নানা অনুষ্ঠান। গান-নাচের পাশাপাশি ছিলো শিল্প, সাহিত্য ও অর্থনীতি নিয়ে সেমিনার। অনুষ্ঠানে আয়োজক কমিটির নেতৃবৃন্দকে পরিচয় করিয়ে দেওয়া হয়। পরে সমবেত কণ্ঠে ফোবানার থিম সং গেয়ে শোনান সংগীত শিল্পীরা।

সম্মেলনের বিভিন্ন পর্বে বক্তব্য রাখেন ফোবানা এক্সিকিউটিভ কমিটির চেয়ারম্যান আতিকুর রহমান, সাবেক চেয়ারম্যান জাকারিয়া চৌধুরী, এবারের সম্মেলনের কনভেনর জিয়াউল হক জিয়া, এক্সিকিউটিভ সেক্রেটারী নিহাল রহিম প্রমুখ।



ট্রাম্প প্রশাসন-শিকাগো কর্তৃপক্ষের পাল্টাপাল্টি অবস্থানে উত্তেজনা

প্রথম পৃষ্ঠার পর অবস্থান নিয়েছেন।

অপরদিকে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প শিকাগোর মেয়র ও ইলিনয়ের গভর্ণরের ওপর তীব্র ক্ষোভ ও হুশিয়ারি দিয়ে বলেন, "শিকাগোর অপরাধ দ্রুত নিয়ন্ত্রণে আনুন, নইলে আমরা আসছি।"

রোববার ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটির সেক্রেটারী ক্রিস্টি নোয়েম সিবিএস নিউজে জানিয়েছেন শিকাগোতে চলমান অভিযান আরো ব্যাপক আকারে চালানো হবে। এজন্য আইস এর জনবল ও যাবতীয় সহযোগিতা বৃদ্ধি করা হচ্ছে।

তবে শিকাগো সিটি ও স্টেট কর্তৃপক্ষ উল্টো ট্রাম্প প্রশাসনে ফেডারেল হস্তক্ষেপ রুখতে নিজেদের অবস্থান স্পষ্ট করেছে।

স্টেট গভর্নর প্রিটজকার জানিয়েছেন, শহরে অপরাধের হার কমেছে এবং ফেডারেল মোতায়েন এগোলে তারা আদালতের শরণাপন্ন হবেন।

সিটি মেয়র জনসন ঘোষণা দিয়েছেন, শিকাগো পুলিশ কোনোভাবেই ফেডারেল কর্তৃপক্ষকে অভিবাসন অভিযানে সহায়তা করবে না। এমনকি টহল, ট্রাফিক স্টপ কিংবা চেকপয়েন্টেও স্থানীয় পুলিশ অংশ নেবে না।

এমন পরিস্থিতিতে ট্রাম্প প্রশাসনের টার্গেট ডেমোক্র্যোট অধ্যুষিত শিকাগোসহ সকল স্যাংচুয়ারি সিটি ও স্টেটে রাজনৈতিক উত্তেজনা প্রকট হয়ে ওঠছে।

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প হোয়াইট হাউজে গত সপ্তাহে সাংবাদিকদের জানিয়েছিলেন শিকাগো এবং পরে নিউইয়র্কে সেনা মোতয়েন সহ অবৈধ অভিবাসী বিতাড়নে কার্যক্রম শুরু করবেন।

হোয়াইট হাউজের কর্মকর্তারা জানিয়েছেন, এ অভিযানে ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস) ও কাস্টমস অ্যান্ড বর্ডার প্রোটেকশন (সিবিপি) সহ একাধিক ফেডারেল সংস্থা অংশ নেবে। প্রয়োজনে ন্যাশনাল গার্ড মোতায়েনের প্রস্তুতিও নেওয়া হচ্ছে, যদিও তাদের ভূমিকা শান্তিরক্ষায় সীমিত থাকবে। ইতোমধ্যেই শিকাগোতে সাঁজোয়া গাড়ি পাঠানোর কাজ শুরু হয়েছে।

ইতোমধ্যেই শিকাগোতে সাঁজোয়া গাড়ি পাঠানোর কাজ শুরু হয়েছে এবং আগামী ৫ সেপ্টেম্বরের মধ্যে বিপুল সংখ্যক ফেডারেল এজেন্ট শহরে পৌঁছাবে বলে ধারণা করা হচ্ছে।

দ্বিতীয়বারের মতো ক্ষমতায় এসেই প্রেসিডেন্ট ট্রাম্প শিকাগো "স্যাংচুয়ারি নীতি"র বিরুদ্ধে মামলা করেছিলেন এবং ফেডারেল তহবিল বন্ধের হুমকি দিয়েছিলেন। তবে আদালত এসব উদ্যোগ আটকে দেয়। তবুও প্রশাসন নতুন করে আরও বড় পরিসরে অভিযান চালাতে যাচ্ছে, যেটি লস অ্যাঞ্জেলেসের অভিজ্ঞতার উপর ভিত্তি করে সাজানো হচ্ছে। সেখানেই সম্প্রতি ৫ হাজার অভিবাসী গ্রেপ্তার হয়েছে বলে ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি জানিয়েছে।

লস অ্যাঞ্জেলেসের মতোই ন্যাশনাল গার্ডের ভূমিকাও শিকাগোতেও সীমিত থাকবে। তারা টাইটেল ১০ অর্ডারে ফেডারেল বাহিনীর অধীনে কাজ করবে, তবে আইন প্রয়োগে সরাসরি অংশ নিতে পারবে না। তবে ওয়াশিংটন ডিসির পরিস্থিতি ভিন্ন, সেখানে টাইটেল ৩২ অর্ডারে সেনারা কাজ করছে, যা আইনগতভাবে অনেক বেশি বিস্তৃত ক্ষমতা দেয়। শিকাগোতে সেই মডেল প্রয়োগ করা হলে বড় ধরনের আইনগত জটিলতা তৈরি হবে বলে বিশেষজ্ঞরা সতর্ক করেছেন।

বর্ডার সিজার টম হোম্যান বৃহস্পতিবার বলেন, শিকাগোর পরিকল্পনা এখনও প্রক্রিয়াধীন, তবে এটি হবে "বড়সড় অভিযান।"

রোববার ক্রিস্টি নোয়েম সিবিএস নিউজের ফেস দ্য নেশন অনুষ্ঠানে বলেন, "শিকাগোতে আইস দীর্ঘদিন ধরেই অভিযান চালাচ্ছে, তবে আমরা এখন আরও বেশি সম্পদ ও জনবল সেখানে পাঠাতে যাচ্ছি।" তিনি সুনির্দিষ্ট পরিকল্পনার কথা না জানালেও সূত্র বলছে, নেভাল স্টেশন গ্রেট লেকস থেকে লজিস্টিক সহায়তার অনুরোধ ইতোমধ্যেই পাঠানো হয়েছে। এই সামরিক ঘাঁটিটি শিকাগো শহরের মাত্র ৩৫ মাইল উত্তরে।

তিনি বলেন, প্রেসিডেন্ট ট্রাম্প এ সময় বড় শহরগুলোতে অপরাধ দমনে সরাসরি হস্তক্ষেপের ঘোষণা দিয়েছেন। তিনি ডিসিতে মেট্রোপলিটন পুলিশকে ফেডারেলাইজ করেছেন এবং সেখানে জাতীয় রক্ষী বাহিনী নামিয়েছেন। লস অ্যাঞ্জেলেসে অভিবাসনবিরোধী বিক্ষোভ চলাকালে গার্ড মোতায়েনের সিদ্ধান্তের কারণে ক্যালিফোর্নিয়ার গভর্নর আদালতে গিয়েছিলেন। আমাদের প্রেসিডেন্টের লক্ষ্য আমেরিকার সব সিটিগুলোকে নিরাপদ রাখা অপরাধীদের কর্মকান্ড থেকে। এটা কোন রাজনৈতিক কার্যক্রম না।

এর আগে শনিবার শিকাগো মেয়র ব্র্যান্ডন জনসন শনিবার একটি নির্বাহী আদেশে স্বাক্ষর করেছেন, যেখানে ডোনাল্ড ট্রাম্পের পরিকল্পিত অভিবাসন দমন অভিযানের বিরুদ্ধে শহর প্রশাসনের প্রাথমিক কৌশল তুলে ধরা হয়েছে।

জনসন বলেছেন, "আমরা হয়তো সামরিকরণ করা অভিবাসন অভিযান দেখতে পারি। ন্যাশনাল গার্ড নামানো হতে পারে, এমনকি ভারী অস্ত্র ও সাঁজোয়া যানও নামানো হতে পারে আমাদের রাস্তায়। আমরা এই পরিস্থিতি চাইনি, কিন্তু তবুও আমাদের প্রস্তুত থাকতে হচ্ছে।"

তার নির্দেশনায় স্পষ্ট করে বলা হয়েছে শিকাগো পুলিশ ফেডারেল এজেন্টদের সঙ্গে যৌথ টহল, গ্রেপ্তার অভিযান বা নাগরিকদের অভিবাসনসংক্রান্ত আইনের প্রয়োগে কোনো সহযোগিতা করবে না। এছাড়া শহরের পক্ষ থেকে ফেডারেল এজেন্টদের প্রতি আহ্বান জানানো হয়েছেতারা যেন মুখোশ ব্যবহার না করেন, বডি ক্যামেরা পরিধান করেন এবং জনগণের সামনে নিজেদের নাম ও ব্যাজ নম্বর প্রকাশ করেন।









অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো
Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূণঃ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- রেন্টাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911



Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (স্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি স্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

MAMUN'S TUTORIAL

: Directed by :

SHEIKH AL MAMUN, Certified School Teacher

MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:

